কম্পিটেন্সি বেজড লার্নিং ম্যাটেরিয়ালস (সিবিএলএম)

# ফুড অ্যান্ড বেভারেজ প্রোডাকশন

লেভেল - ০৩

## মডিউল শিরোনামঃ বেভারেজ প্রস্তুত

## Module: Preparing Beverages

**মডিউল কোড: CBLM- OU-TH-FBP-08-L3-V1**

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ
NATIONAL SKILLS DEVELOPMENT AUTHORITY BANGLADESH

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ
প্রধানমন্ত্রীর কার্যালয়,
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# কপিরাইট

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ,
প্রধানমন্ত্রীর কার্যালয় ।
১১-১২ তলা, বিনিয়োগ ভবন
ই-৬/বি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
ইমেইল: ec@nsda.gov.bd
ওয়েবসাইট: www.nsda.gov.bd
ন্যাশনাল স্কিলস পোর্টাল: http:\\skillsportal.gov.bd

এই কম্পিটেন্সি বেজড লার্নিং ম্যাটেরিয়ালটির (সিবিএলএম) স্বত্ব জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) এর নিকট সংরক্ষিত। এনএসডিএ-এর যথাযথ অনুমোদন ব্যতীত অন্য কেউ বা অন্য কোন পক্ষ এ সিবিএলএমটির কোন রকম পরিবর্তন বা পরিমার্জন করতে পারবে না।

“বেভারেজ প্রস্তুত” সিবিএলএমটি এনএসডিএ কর্তৃক অনুমোদিত ফুড অ্যান্ড বেভারেজ প্রডাকশন লেভেল-৩ অকুপেশনের কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড ও কারিকুলামের ভিত্তিতে প্রণয়ন করা হয়েছে। এতে ফুড অ্যান্ড বেভারেজ প্রডাকশন লেভেল-৩ স্ট্যান্ডার্ডটি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় তথ্য সন্নিবেশিত হয়েছে।

এ ডকুমেন্টটি সংশ্লিষ্ট বিশেষজ্ঞ প্রশিক্ষক/পেশাজীবীর দ্বরা এনএসডিএ কর্তৃক প্রণয়ন করা হয়েছে।

এনএসডিএ স্বীকৃত দেশের সকল সরকারি-বেসরকারি-এনজিও প্রশিক্ষণ প্রতিষ্ঠানে ফুড অ্যান্ড বেভারেজ প্রডাকশন -৩ কোর্সের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ বাস্তবায়নের জন্য এ সিবিএলএমটি ব্যবহার করতে পারবে।

----------------------- তারিখে অনুষ্ঠিত ------------কর্তৃপক্ষ সভায় অনুমোদিত।

# সক্ষমতাভিত্তিক শিখন উপকরণ ব্যবহার নির্দেশিকা

এই মডিউলে প্রশিক্ষণ উপকরণ ও প্রশিক্ষণ কার্যক্রম সম্পর্কে বলা হয়েছে। এই কার্যক্রমগুলো প্রশিক্ষণার্থীকে সম্পন্ন করতে হবে। এই মডিউলটি বেভারেজ প্রস্তুত করার জন্য প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতা এবং মনোভাব অন্তর্ভুক্ত রয়েছে। এটি বিশেষত বেভারেজ সনাক্তকরণ, বেভারেজ প্রস্তুত করণ, বেভারেজ আইটেম সংরক্ষণ এবং ইকুইপমেন্ট ইউটেনসিলস এবং টুলস পরিষ্কার এবং স্টোর করণের জন্য যে প্রয়োজনীয় জ্ঞান ও ইতিবাচক মনোভাব প্রয়োজন তা এই মডিউলে অন্তর্ভুক্ত রয়েছে।

এই মডিউলে বর্ণিত শিখনফল অর্জনের জন্য আপনাকে ধারাবাহিকভাবে শিক্ষা কার্যক্রম সম্পন্ন করতে হবে। এইসব কার্যক্রম একটি নির্দিষ্ট শ্রেণীকক্ষে বা অন্যত্র সম্পন্ন করা যেতে পারে। বর্ণিত শিখনফল তথা জ্ঞান ও দক্ষতা অর্জনের জন্য এসব কার্যক্রমের পাশাপাশি সংশিষ্ট অনুশীলন ও সম্পন্ন করতে হবে।

শিখন কার্যক্রমের ধারা জানার জন্য "শিখন কার্যক্রম" অংশটি অনুসরণ করুন। ধারাবাহিকভাবে জানার জন্য সূচিপত্র, তথ্যপত্র, কার্যক্রম পত্র, শিখন কার্যক্রম, শিখনফল এবং উত্তরপত্রে পৃষ্ঠা নম্বর ব্যবহার করা হয়েছে। নির্দিষ্ট পাঠের সাথে সঠিক সহায়ক উপাদান সম্পর্কে জানার জন্যে শিখন কার্যক্রম অংশটি দেখতে হবে। এই শিখন কার্যক্রম অংশ আপনার সক্ষমতা অর্জন অনুশীলনের রোডম্যাপ হিসাবে কাজ করে।

তথ্যপত্রটি পড়ুন। এতে কার্যক্রম সম্পর্কে সঠিক ধারণা এবং সুনির্দিষ্টভাবে কাজ করার ধারণা পাওয়া যাবে। 'তথ্যপত্রটি' পড়া শেষ করে 'সেলফ চেক শিট' এ উল্লেখিত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। শিখন গাইডের তথ্যপত্রটি অনুসরণ করে 'সেলফ চেক শিট' সমাপ্ত করুন। 'সেলফ চেক' শিটে দেয়া প্রশ্নগুলোর উত্তর সঠিক হয়েছে কি না তা জানার জন্য 'উত্তর পত্র' দেখুন।

জব শিটে নির্দেশিত ধাপ অনুসরণ করে যাবতীয় কার্য সম্পাদন করুন। এখানেই আপনি নতুন সক্ষমতা অর্জনের পথে আপনার নতুন জ্ঞান কাজে লাগাতে পারবেন।

এই মডিউল অনুযায়ী কাজ করার সময় নিরাপত্তা বিষয়টি সম্পর্কে সচেতন থাকবেন। কোনো প্রশ্ন থাকলে ফ্যাসিলিটেটরকে প্রশ্ন করতে সংকোচ করবেন না।

এই শিখন গাইডে নির্দেশিত সকল কাজ শেষ করার পর অর্জিত সক্ষমতা মূল্যায়ন করে নিশ্চিত হবেন যে, আপনি পরবর্তী মূল্যায়নের জন্য কতটুকু উপযুক্ত। প্রয়োজনীয় সব সক্ষমতা অর্জন হয়েছে কিনা তা জানার জন্য মডিউলের শেষে সক্ষমতা মান এর একটি চেকলিস্ট দেওয়া হয়েছে। এই তথ্যটি কেবলমাত্র আপনার নিজের জন্য।

# সূচিপত্র


**কপিরাইট ............ ii**

**সক্ষমতাভিত্তিক শিখন উপকরণ ব্যবহার নির্দেশিকা............ vi**

**মডিউল কন্টেন্ট ............ ১**

**শিখনফল (Learning Outcome)- ১: বেভারেজ উপাদানগুলো সনাক্ত করতে পারবে। ............ ২**

শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -১ : বেভারেজ উপাদানগুলো সনাক্ত করতে পারবে।............ ৫

ইনফরমেশন শিট (Information Sheet) ১: বেভারেজ উপাদানগুলো সনাক্ত করতে পারবে।............ ৬

সেলফ চেক (Self Check)- ১: বেভারেজ উপাদানগুলো সনাক্ত করতে পারবে।............ ১৯

উত্তরপত্র (Answer Key)-১: বেভারেজ উপাদানগুলো সনাক্ত করতে পারবে।............ ২০

আক্টিভিটি শিট ১.৪: বেভারেজ উপাদানগুলো সনাক্তকরন। ............ ২১

**শিখনফল (Learning Outcome)- ২: বেভারেজ প্রস্তুত করতে পারবে। ............২২**

শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ২: বেভারেজ প্রস্তুত করতে পারবে।............ ২৩

ইনফরমেশন শিট (Information Sheet) ২: বেভারেজ প্রস্তুত করতে পারবে। ............ ২৪

সেলফ চেক শিট (Self-Check Sheet)-২: বেভারেজ প্রস্তুত করতে পারবে।............ ৪২

উত্তর পত্র (Answer Key)- ২: বেভারেজ প্রস্তুত করতে পারবে।............ ৪৩

জব শিট ২.২: মেন্যু অনুযায়ী বেভারেজ প্রস্তুত করুন। ............ ৪৪

স্পেসিফিকেশন শিট ২.২: মেন্যু অনুযায়ী বেভারেজ প্রস্তুত করুন।............ ৪৫

অ্যাক্টিভিটি শিটঃ পানীয়ের স্বাদ, রঙ এবং ধারাবাহিকতা পরীক্ষা এবং রিকোয়ারমেন্ট অনুযায়ী বিচ্যুতিগুলো সনাক্ত এবং সংশোধন করা।............ ৪৬

অ্যাক্টিভিটি শিটঃ পানীয়ের স্বাদ, রঙ এবং ধারাবাহিকতা পরীক্ষা এবং রিকোয়ারমেন্ট অনুযায়ী বিচ্যুতিগুলো সনাক্ত এবং সংশোধন করা।............ **উৎৎড়ৎ! ইড়ড়শসধৎশ হড়ঃ ফবভরহবফ.**

**শিখনফল (Learning Outcome)- ৩: বেভারেজ সংরক্ষণ করতে পারবে। ............ ৪৮**

শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -৩ : বেভারেজ সংরক্ষণ করতে পারবে।............ ৪৯

ইনফরমেশন শিট (Information Sheet) ৩: বেভারেজ সংরক্ষণ করতে পারবে।............ ৫০

সেলফ চেক শিট (Self-Check Sheet)-৩: বেভারেজ সংরক্ষণ করতে পারবে। ............ ৫৭

উত্তর পত্র (Answer Key)- ৩: বেভারেজ সংরক্ষণ করতে পারবে। ............ ৫৮

অ্যাক্টিভিটি-৩.৩ : বেভারেজ সংরক্ষণ করুন।............ ৬০

**শিখনফল (Learning Outcome)- ৪: ইকুইপমেন্ট, ইউটেনসিলস এবং টুলস পরিষ্কার এবং স্টোর করতে পারবে। ........৬১**

শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -৪: ইকুইপমেন্ট, ইউটেনসিলস এবং টুলস পরিষ্কার এবং স্টোর করতে পারবে।............ ৬২

ইনফরমেশন শিট (Information Sheet) ৪: ইকুইপমেন্ট ইউটেনসিলস এবং টুলস পরিষ্কার এবং স্টোর করতে পারবে। ............ ৬৩

সেলফ চেক শিট (Self-Check Sheet)-৪ ইকুইপমেন্ট ইউটেনসিলস এবং টুলস পরিষ্কার এবং স্টোর করতে পারবে। ............ ৬৯

উত্তর পত্র (Answer Key)- ৪ ইকুইপমেন্ট ইউটেনসিলস এবং টুলস পরিষ্কার এবং সংরক্ষণ করতে পারবে। ........... ৭০

জব শিটঃ ইকুইপমেন্ট, ইউটেন্সিলস এবং টুলস পরিষ্কার এবং সংরক্ষণ করুন।............ ৭১

স্পেসিফিকেশণ শিটঃ ইকুইপমেন্ট, ইউটেন্সিলস এবং টুলস পরিষ্কার এবং সংরক্ষণ করুন।............ ৭১

**দক্ষতা পর্যালোচনা (Review of Competency)............ ৭৩**

## মডিউল কন্টেন্ট

| | |
|---|---|
| **ইউ ও সি শিরোনাম** | **বেভারেজ প্রস্তুত কর** |
| **ইউ ও সি কোড** | OU-TH-FBP-08-L3-V1 |
| **মডিউল শিরোনাম** | বেভারেজ প্রস্তুত |
| **মডিউলের বর্ণনা** | এই মডিউলটি বেভারেজ প্রস্তুত করার জন্য প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতা এবং মনোভাব অন্তর্ভুক্ত রয়েছে। এটি বিশেষত বেভারেজ সনাক্তকরণ, বেভারেজ প্রস্তুত করা, বেভারেজ আইটেম সংরক্ষণ এবং সরঞ্জাম এবং বাসন পরিষ্কার এবং রক্ষণাবেক্ষণের কাজ অন্তর্ভুক্ত করে। |
| **নমিনাল সময়** | **২০ ঘন্টা** |
| **শিখনফল** | **এই মডিউলটি সম্পন্ন করার পর প্রশিক্ষার্থীরা নিম্ন বর্ণিত কাজ গুলো করতে পারবেন।**<br>১. বেভারেজ উপাদানগুলো সনাক্ত করতে পারবে।<br>২. বেভারেজ প্রস্তুত করতে পারবে।<br>৩. বেভারেজ সংরক্ষণ করতে পারবে।<br>৪. ইকুইপমেন্ট, ইউটেনসিলস এবং টুলস পরিষ্কার এবং স্টোর করতে পারবে। |

**অ্যাসেসমেন্ট ক্রাইটেরিয়া (Assessment Criteria):**

১. পেশাগত সুরক্ষা ও স্বাস্থ্য (ওএসএইচ) অনুসরণ করতে এবং ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম (পিপিই) ব্যবহার করতে সক্ষম হয়েছে।
২. প্রয়োজনীয় ইকুইপমেন্ট, ইউটেনসিলস এবং টুলস নির্বাচন করতে সক্ষম হয়েছে।
৩. বেভারেজ বর্ণনা করতে সক্ষম হয়েছে।
৪. বেভারেজগুলোর জন্য উপাদানগুলো নির্বাচন করতে সক্ষম হয়েছে।
৫. বেভারেজ প্রস্তুত করার পদ্ধতিগুলো রিকোয়ারমেন্ট অনুযায়ী মেইন্টেইন করতে সক্ষম হয়েছে।
৬. মেনু অনুযায়ী বেভারেজ প্রস্তুত করতে সক্ষম হয়েছে।
৭. মৌলিক বেভারেজ থেকে ডেরিভেশন তৈরি করতে সক্ষম হয়েছে।
৮. পানীয়ের স্বাদ, রঙ এবং ধারাবাহিকতা পরীক্ষা এবং রিকোয়ারমেন্ট অনুযায়ী বিচ্যুতিগুলো সনাক্ত এবং সংশোধন করতে সক্ষম হয়েছে।
৯. স্বাস্থ্যবিধি মেনে চলতে সক্ষম হয়েছে।
১০. বিভিন্ন স্টোরেজ অঞ্চলে তাপমাত্রার জন্য বেস্ট প্র্যাকটিস বজায় রাখতে সক্ষম হয়েছে।
১১. বেভারেজগুলো মান অনুযায়ী অপটিমাম সতেজতা এবং গুণমান বজায় রেখে সংরক্ষণ করতে সক্ষম হয়েছে।
১২. বেভারেজগুলো যথাযথ মানের জন্য পুনর্গঠন করতে সক্ষম হয়েছে।
১৩. ইকুইপমেন্ট এন্ড ইউটেনসিলস কর্মক্ষেত্রের মান অনুযায়ী পরিষ্কার করতে সক্ষম হয়েছে।
১৪. প্রোডাকশন এরিয়া রিকোয়ারমেন্ট অনুযায়ী পরিষ্কার করতে সক্ষম হয়েছে।
১৫. ত্রুটিযুক্ত ইকুইপমেন্ট, ইউটেনসিলস এবং টুলস পৃথক করতে এবং যথাযথ কর্তৃপক্ষের কাছে রিপোর্ট করতে সক্ষম হয়েছে।
১৬. ইকুইপমেন্ট, ইউটেনসিলস এবং টুলস মুছে ফেলতে এবং নির্ধারিত স্থানে সংরক্ষণ করতে সক্ষম হয়েছে।

## শিখনফল (Learning Outcome)- ১: বেভারেজ উপাদানগুলো সনাক্ত করতে পারবে।

| | |
|---|---|
| অ্যাসেসমেন্ট মানদন্ড | ১. পেশাগত সুরক্ষা ও স্বাস্থ্য (ওএসএইচ) অনুসরণ করতে এবং ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম (পিপিই) ব্যবহার করতে সক্ষম হয়েছে।<br>২. প্রয়োজনীয় ইকুইপমেন্ট, ইউটেনসিলস এবং টুলস নির্বাচন করতে সক্ষম হয়েছে।<br>৩. বেভারেজ বর্ণনা করতে সক্ষম হয়েছে।<br>৪. বেভারেজগুলোর জন্য উপাদানগুলো নির্বাচন করতে সক্ষম হয়েছে। |
| শর্ত ও রিসোর্স | ১. প্রকৃত কর্মক্ষেত্রে অথবা প্রশিক্ষণ পরিবেশ<br>২. সিবিএলএম<br>৩. হ্যান্ডআউটস<br>৪. ল্যাপটপ<br>৫. মাল্টিমিডিয়া প্রজেক্টর<br>৬. কাগজ, কলম, পেন্সিল, ইরেজার<br>৭. ইন্টারনেট সুবিধা<br>৮. হোয়াইট বোর্ড ও মার্কার<br>৯. অডিও ভিডিও ভিভাইস |
| বিষয়বস্তু | ১. পেশাগত সুরক্ষা ও স্বাস্থ্য (ওএসএইচ) অনুসরণ<br>২. ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম (পিপিই) ব্যবহার<br>৩. প্রয়োজনীয় ইকুইপমেন্ট, ইউটেনসিলস এবং টুলস নির্বাচন<br>এসএস ওয়ার্কিং টেবিল (SS working table)<br>ছুরি / চপার (Knives / Chopper)<br>কালার কোডেড চপিং বোর্ড (Color Coded chopping board)<br>সস প্যান (Sauce pan)<br>ঢাকনা সহ সস বোল (Sauce Bowl with lid)<br>কাঠের চামচ (Wooden spoon)<br>স্ট্রেইনার (Strainer)<br>হুইস্ক (Whisk)<br>লেডিল (Ladle)<br>ব্লেন্ডার মেশিন (Blender machine)<br>কেটল (Kettle)<br>ফিল্টার (Filter)<br>মাপন কাপ (Measurement cup)<br>মকটেল স্পুন (Mocktail Spoon)<br>মকটেল শেকার (Mocktail Shaker)<br>কাঁটা চোষার যন্ত্র (Orange Squeezer)<br>৪. বেভারেজ<br>চা (Tea)<br>কফি (গরম এবং ঠান্ডা) (Coffee - hot and cold) |

| | |
|---|---|
| | তাজা কমলা জুস (Fresh orange Juice)<br>লাস্সি (Lassi)<br>পাইনাপল ব্লসম (Pineapple Blossom)<br>দুধ শেক (Milk Shake)<br>ভ্যানিলা স্মুথি (Vanilla Smoothy)<br>৫. বেভারেজগুলোর জন্য উপাদানগুলো<br>পানি (Water)<br>চিনি (Sugar)<br>দুধ (Milk)<br>চা (Tea)<br>কফি (Coffee)<br>ক্রিম (Cream)<br>গরম মশলা (Hot Spice)<br>চকলেট সিরাপ (Chocolate syrup)<br>কুকিং চকলেট (Cooking chocolate)<br>কোকো পাউডার (Coco powder)<br>আইস কিউব (Ice cube)<br>দই (Yogurts)<br>ধনিয়া পাতা (Coriander leaves)<br>পুদিনা পাতা (Mint leaves)<br>সরিষা (Mustards)<br>কালো লবণ (Black salt)<br>লবণ (Salt)<br>মরিচ গুঁড়া (Chili powder)<br>কাঁচা মরিচ (Green chili)<br>ভাজা জিরা গুঁড়া (Fried cumin powder)<br>ভাজা ধনিয়া গুঁড়া (Fried coriander powder)<br>সাদা মরিচ (White pepper)<br>লেবুর রস (Lemon juice)<br>পোস্ত (Poppy seeds)<br>টমেটো সস (Tomato sauce)<br>ফল (Fruits) |
| এক্টিভিটি | ১. বেভারেজ উপাদানগুলো সনাক্ত করুন। |
| প্রশিক্ষণ পদ্ধতি | ১. আলোচনা (Discussion)<br>২. উপস্থাপন (Presentation)<br>৩. প্রদর্শন (Demonstration) |

| | |
|---|---|
| | ৪. নির্দেশিত অনুশীলন (Guided Practice)<br>৫. স্বতন্ত্র অনুশীলন (Individual Practice)<br>৬. প্রজেক্ট ওয়ার্ক (Project Work)<br>৭. সমস্যা সমাধান (Problem Solving)<br>৮. মাথাখাটানো (Brainstorming) |
| অ্যাসেসমেন্ট পদ্ধতি | ১. লিখিত অভীক্ষা (Written Test)<br>২. প্রদর্শন (Demonstration)<br>৩. মৌখিক প্রশ্ন (Oral Questioning)<br>৪. পোর্টফলিও ( Portfolio) |

## শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -১ : বেভারেজ উপাদানগুলো সনাক্ত করতে পারবে।

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং পারফরম্যান্স ক্রাইটেরিয়া অর্জনের জন্য নিম্নলিখিত কার্যক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন করুন। কার্যক্রমগুলোর জন্য বর্ণিত রিসোর্সসমূহ ব্যবহার করুন।

| **শিখন কার্যক্রম (Learning Activities)** | **উপকরণ / বিশেষ নির্দেশনা (Resources / Special instructions)** |
|---|---|
| ১. প্রশিক্ষার্থীগন কোন শিক্ষা উপকরণ ব্যবহার করবে সে সম্পর্কে প্রশিক্ষকের নিকট জানতে চাইবে। | ১. প্রশিক্ষক প্রশিক্ষার্থীদের **"বেভারেজ উপাদানগুলো সনাক্ত করতে পারবে"** শেখার উপকরণ প্রদান করবেন। |
| ২. ইনফরমেশন শিট পড়তে হবে। | ২. ইনফরমেশন শিট ১ : বেভারেজ উপাদানগুলো সনাক্ত করতে পারবে। |
| ৩. সেলফ চেকে প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে। | ৩. সেল্ফ-চেক শিট ১ -এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। উত্তরপত্র ১ -এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত করুন। |
| ৪. জব/টাস্ক শিট ও স্পেসিফিকেশন শিট অনুযায়ী জব সম্পাদন করুন। | ৪. নিম্নোক্ত জব/টাস্ক শিট অনুযায়ী জব/টাস্ক সম্পাদন করুন আক্টিভিটি শিট ১.৪: বেভারেজ উপাদানগুলো সনাক্ত করুন। |

## ইনফরমেশন শিট (Information Sheet) ১: বেভারেজ উপাদানগুলো সনাক্ত করতে পারবে।

**শিখন উদ্দেশ্য (Learning Objective):** এই ইনফরমেশন শীট পড়ে শিক্ষার্থীগণ নিম্নোক্ত বিষয়গুলো ব্যখ্যা করতে, বর্ণনা করতে ও তথ্যগুলো কাজে প্রয়োগ করতে পারবে।

১.১ পেশাগত সুরক্ষা ও স্বাস্থ্য (ওএসএইচ) অনুসরণ করতে এবং ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম (পিপিই) ব্যবহার করতে পারবে।

১.২ প্রয়োজনীয় ইকুইপমেন্ট, ইউটেনসিলস এবং টুলস নির্বাচন করতে পারবে।

১.৩ বেভারেজ বর্ণনা করতে পারবে।

১.৪ বেভারেজগুলোর জন্য উপাদানগুলো নির্বাচন করতে পারবে।

### ১.১ ক. পেশাগত সুরক্ষা ও স্বাস্থ্য (ওএসএইচ) অনুসরণ করতে পারবে।

#### হাইজিন বা স্বাস্থ্যবিধি

আমাদের দেশে হাইজিন শব্দটি দ্বারা স্বাভাবিক অর্থে পরিচ্ছন্নতা বুঝালেও আক্ষরিক ও ব্যবহারিক কোনো দিক থেকেই তা নয়। হাইজিন শব্দটির বাংলা হলো স্বাস্থ্যবিধি। আমাদের সুস্থ থাকার জন্য প্রয়োজনীয় নিয়ম-কানুনই হলো হাইজিন।




WHO (World Health Organization) এর ভাষ্যমতে, "স্বাস্থ্যবিধি হলো সুস্থ থাকার প্রয়োজনে আরোপিত নিয়মনীতি এবং সেই নিয়মের অনুসরণ করা, যার ফলে আমরা রোগ সংক্রমণ থেকে দূরে থাকি এবং আমাদের সুস্বাস্থ্য বজায় থাকে।"

**হাইজিনের প্রকারভেদ:** হিউম্যানিটেরিয়ান গ্লোবাল হাইজিন বা স্বাস্থ্যবিধিকে চারভাগে ভাগ করেছে।

ক. ব্যক্তিগত স্বাস্থ্যবিধি

খ. পরিবেশগত স্বাস্থ্যবিধি

গ. পারিবারিক/সমষ্টিগত স্বাস্থ্যবিধি

ঘ. খাদ্য সংক্রান্ত স্বাস্থ্যবিধি

#### ব্যক্তিগত স্বাস্থ্যবিধি




ব্যক্তিগত স্বাস্থ্যবিধি হলো শরীরের পরিচ্ছন্নতা বজায় রাখা এবং রক্ষণাবেক্ষণের নীতি মেনে চলা। অন্য কথায়, পার্সোনাল হাইজিন বলতে বুঝায় খাদ্য শিল্প কারখানায় নিয়োজিত কর্মচারিদের পোশাক-পরিচ্ছদ, চেহারা, স্বাস্থ্য, অভ্যাস ইত্যাদি স্বাস্থ্যসম্মত রাখার পদ্ধতিসমূহ। ব্যক্তিগত স্বাস্থ্যবিধির মাঝে চলে আসে নিজের পরিষ্কার পরিচ্ছন্নতা, কাপড়ের পরিষ্কার পরিচ্ছন্নতা, সুন্দর জীবন-যাপনের প্রণালি, খাদ্যাভ্যাস বা ডায়েট প্ল্যান, বিশ্রামের সময়সূচী, ঘুমের পরিমাণ, শারীরিক পরিশ্রমের পরিমাণ ও ধরণ অর্থাৎ ব্যক্তিগতভাবে সুস্থ থাকার জন্য যা কিছু করার প্রয়োজন তার সবই আছে ব্যক্তিগত

হাইজিনে। ব্যক্তিগত স্বাস্থ্যবিধির মুল লক্ষ্য হলো আমাদের শারীরিক ও মানসিক সক্ষমতা বাড়ানো।

ব্যক্তিগত স্বাস্থ্যবিধানের দিকে মনোযোগ দিয়ে যে কর্মীরা খাদ্যদ্রব্যগুলো তৈরি, হ্যান্ডেল পরিবেশন করে তাদের দ্বারা জীবাণু এবং রোগ ছড়াতে পারে না। যারা অসুস্থ বা অপরিষ্কার তাদের খাবার তৈরি বা পরিবেশন করা উচিত নয়।

**স্বাস্থ্য রক্ষার সাধারণ নিয়ম:**

স্বাস্থ্য রক্ষার সাধারণ নিয়ম হিসাবে নিম্নলিখিত বিষয়সমূহ নিয়মিত অনুশীলন করা প্রয়োজন-

- পরিমিত ও সময়মতো আহার
- সুষম খাদ্য গ্রহণ
- নিয়মিত গোসল
- নিয়মিত ব্যায়াম ও প্রাতঃ ভ্রমণের অভ্যাস
- সকাল সকাল নিদ্রা গ্রহণ ও সকাল সকাল জাগরণ
- নিয়মিত মল ত্যাগের অভ্যাস
- ধূমপান ও নেশা জাতীয় দ্রব্য বর্জন
- কাজের পর পরিমিত বিশ্রাম গ্রহণ
- চিন্তামুক্ত ও সহজ জীবনযাপন প্রণালী অনুসরণ
- কাশি এবং হাঁচির সময় রুমাল ব্যবহার করা
- সব সময় পরিষ্কার কাপড় পরিধান করা এবং পরিষ্কার কাপড় ব্যবহার করা
- রান্নাঘরে থাকাকালীন চুল অবশ্যই পরিষ্কার এবং ঢেকে রাখতে হবে।

**যে কাজ গুলো পরিহার করতে হবে-**

- রান্নাঘরের কাছে চুল আঁচড়ানো উচিত নয়।
- খাবার তৈরি ও পরিবেশনের জায়গায় হাত দিয়ে নাক-মুখ স্পর্শ করা উচিত নয়।
- কাশি এবং হাঁচি দেয়া তেকে বিরত থাকতে হবে।
- সর্দি-কাশিতে আক্রান্ত ব্যক্তিদের খাবারের সংস্পর্শে আসা উচিত নয়।
- গহনার আংটি এবং ঘড়ি খাবার তৈরি এবং পরিবেশন এলাকায় পরা উচিত নয়।
- খাবার তৈরি এবং পরিবেশন করার জায়গায় ধূমপান থেকে বিরত থাকতে হবে।
- খাবারের স্বাদ নিতে আঙুল ব্যবহার নাকরা।
- খাবার তৈরির কাজে ব্যবহৃত টেবিল/বেঞ্চে বসা।

**পরিবেশগত স্বাস্থ্যবিধি**

পরিবেশগত স্বাস্থ্যবিধির প্রথম লক্ষ্যই হলো পরিবেশ যেন দূষিত না হয় এবং পরিবেশে যেন রোগ-জীবাণু ছড়িয়ে না পড়ে। যে পরিবেশে আপনি কাজ করবেন সে পরিবেশটা সবসময় পরিষ্কার পরিচ্ছন্ন রেখে কাজ করার চেষ্টা করবেন। নানা রকমের দূষণ প্রতিরোধ, মশা ও বিষাক্ত পোকামাকড় নিধন, রোগ ছড়াতে না দেওয়া, নির্দিষ্ট স্থানে ময়লা ফেলা, গাছ না কাটা, গাছ লাগানো, ইঁদুর নিয়ন্ত্রণ ইত্যাদির সবই পরিবেশগত স্বাস্থ্যবিধির মাঝে পড়ে। আমাদের মানসিক স্বাস্থ্যও পরিবেশের উপরে নির্ভর করে।

**পারিবারিক স্বাস্থ্যবিধি**

একটি মানুষ পরিবারে বাস করে, আর অনেকগুলো পরিবার সমষ্টিগতভাবে একটি সমাজ গড়ে তোলে। আমরা যে বাসায় থাকি তার পরিষ্কার পরিচ্ছন্নতা, তাতে উপযুক্ত আলো বাতাস আসছে কিনা তা নিশ্চিত করা, খাবার তৈরির সময় সাবধানতা অবলম্বন করা হচ্ছে কিনা ইত্যাদি পারিবারিক স্বাস্থ্যবিধির ভিতরে পড়ে।

**খাদ্য সংক্রান্ত স্বাস্থ্যবিধি**

খাবার সংক্রান্ত এক ধরণের হাইজিন তো আমরা সবাই জানি। পরিষ্কার পরিবেশে রান্না করা, হাত ধুয়ে নেওয়া, আসবাবপত্র ও সরঞ্জামাদি পরিষ্কার রাখা, চুল ঢেকে রাখা ইত্যাদির সবই এই খাদ্য সংক্রান্ত হাইজিনের ভিতরে পড়লেও এর ব্যাপকতা আরোও অনেক বেশি। প্রতিনিয়ত খাবারের উৎপাদন বৃদ্ধি করার জন্য জৈব রাসায়নিক সার ও কীটনাশক ব্যবহার করা হয়। যা আমাদের খাবারের সাথে মিশে অনেক জটিল সমস্যার জন্ম দিতে পারে। এই সকল রাসায়নিক দ্রব্য থেকে খাবারকে রক্ষা করাও ফুড হাইজিনের ভিতরেই পড়ে।

আমরা বাজার থেকে যেসকল খাবার কিনে থাকি তার অনেকগুলোই প্লাস্টিক কন্টেইনারে পাওয়া যায়। আমাদের অজান্তেই এই সকল প্লাস্টিক থেকে ক্ষতিকর ক্যামিকেল আমাদের খাবারে চলে আসে যা ফুড হাইজিন-এ ব্যাঘাত ঘটাতে পারে।

**ফুড হাইজিন নিশ্চিতকরণে যে জিনিসগুলো খেয়াল রাখতে হবে**

ক. হাত, কাপড়, আসবাবপত্র ও খাবারের উপাদানের পরিচ্ছন্নতা নিশ্চিত করতে হবে।

খ. রাসায়নিক দ্রব্যের সংস্পর্শ থেকে খাবারকে দূরে রাখা।

গ. প্লাস্টিক কন্টেইনার ব্যবহার করলে, সেই প্লাস্টিকের গ্রেড কত নিশ্চিত হয়ে নেওয়া।

ঘ. বিশুদ্ধ পানি ব্যবহার করা।

## খ. ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম (পিপিই) ব্যবহার

### পিপিই (PPE)

ব্যক্তিগত সুরক্ষা মূলক সরঞ্জাম হিসেবে পিপিই ব্যবহৃত হয় কর্মক্ষেত্রে যে কোন বিপদকে এড়ানোর জন্য এবং অসুস্থতার থেকে নিজেকে সুরক্ষা করার জন্য আমরা পিপিই পরিধান করে থাকি। নিম্নে যে সকল পিপিই আমরা কর্মক্ষেত্রে পরিধান করে থাকি তার বর্ণনা দেয়া হলোঃ




**ক. শেফ কোট:** এটি দাগ প্রতিরোধী ফেব্রিকস দিয়ে তৈরি, সাদা এবং কালো রঙের হয়ে থাকে। যা একজন শেফের পরিচিতি কে তুলে ধরে।

**খ. অ্যাপ্রোন:** সাধারণত অ্যাপ্রোনটি আগুনের থেকে এবং তেল ছিটে চলে আসা থেকে সুরক্ষা দিয়ে থাকে।

**গ. মাস্ক:** খাবার যেন দূষিত না হয় সেজন্য যারা খাদ্য প্রস্তুতের কাজে নিয়োজিত তাদের প্রতিনিয়ত মাস্ক পরিধান করতে হয়।

**ঘ. গ্লাভস:** রান্নাঘরে কাজের সময় গরম পাত্র বা ওভেন থেকে জিনিস নামাতে এবং এক জায়গা থেকে অন্য জায়গায় নিতে সাহায্য করে।

**ঙ. শেফ টুপি:** শেফ ক্যাপ পরলে আপনার চুল মুখ থেকে দূরে রাখার জন্য একটি ভালো উপায় এবং আপনার কপাল যেন বেশি গরম না হয় তা নিশ্চিত করবে।

**চ. নন স্লিপ জুতা:** স্লিপ না হওয়া জুতা সব সময় পরতে হবে কারন, পরিবেশ যাই হোক না কেন পিছলে যাওয়া এবং পড়ে যাওয়া থেকে সাহায্য করে।

**হাত ধোয়ার ছয়টি ধাপ**



ক. হাত পানি দিয়ে ভিজিয়ে নিতে হবে।

খ. হ্যান্ড ওয়াশ লিকুইড বা সাবান মাখিয়ে ২০ সেকেন্ড ধরে ফেনা করতে হবে এবং হাত ঘষতে হবে ।

গ. হাতের পিছন অংশ, কব্জি, আঙ্গুলের ফাঁকে, আঙ্গুলের নিচে, নখের চারপাশে ভালো করে ঘষতে হবে।

ঘ. এবার পানি দিয়ে হাত ভালো করে ধুয়ে নিতে হবে।

ঙ. হাতের কনুই দিয়ে পানির কলের হাতলটা বন্ধ করে দিতে হবে।

চ. টিস্যু বা শুকনো টাওয়েল দিয়ে হাত মুছে নিতে হবে।

যেসব কারণে হাত ধোয়া উচিত-

- কাজ শুরু করার আগে
- খাদ্য প্রস্তুতির সময়
- একটি খাদ্য প্রস্তুতি এলাকা থেকে অন্য জায়গায় যাওয়ার সময়
- গ্লাভস পরিধান বা পরিবর্তন করার আগে
- টয়লেট ব্যবহার করার পরে
- স্নান, কাশি, রুমাল বা টিস্যু ব্যবহার করার পরে
- চুল, মুখ বা শরীর স্পর্শ করার পরে
- খাওয়া, পান করার আগে
- কাঁচা মাংস, পোল্ট্রি বা মাছ ধরার পরে
- জামাকাপড় বা যন্ত্রপাতি পরিষ্কার করার পরে
- ওয়েস্টেজ বা আবর্জনা হ্যান্ডেলিং-এর পরে
- টাকা-পয়সা হ্যান্ডেলিং-এর পরে
- কোনো পশু-পাখি স্পর্শ করার পরে
- যে কোনো কারণে হাত ময়লা/দূষিত হলে।

## ১.২ প্রয়োজনীয় ইকুইপমেন্ট, ইউটেন্সিলস এবং টুলস নির্বাচন করতে পারবে।

| **ইকুইপমেন্ট, ইউটেন্সিলস এবং টুলস এর নাম, ছবি এবং ব্যবহার** | | |
|---|---|---|
|  |  |  |
| **নামঃ** স্টেইনলেস বেভারেজ টেবিল (Stainless Beverage Table) | **নামঃ** ছুরি (Knives) | **নামঃ** চপিং বোর্ড (Chopping Board) |

| | | |
|---|---|---|
| **ব্যবহারঃ** স্টেইনলেস স্টীল টেবিল পরিষ্কার, রক্ষণাবেক্ষণ এবং সরানো সহজ। ফলমূল ও শাকসবজি প্রস্তুত করা, বিভিন্ন জুস প্রস্তুত করা, খাবার এবং জুসের পরিবেশনের কাজগুলি করার জন্য এই টেবিল উপযুক্ত। | **ব্যবহারঃ** শেফের ছুরিগুলি মাংস কাটা, শাকসবজি কাটা, বিভিন্ন হার্বস কাটা, বাদাম কাটা এবং অন্যান্য জিনিস কাটার জন্য ব্যবহৃত হয়। তবে কিছু নির্দিষ্ট কাজের জন্য কিছু নির্দিষ্ট নামের ছুরি ব্যবহার করা হয়। যেমনঃ কার্ভিং নাইফ, ব্রেড লাইফ ইত্যাদি। | **ব্যবহারঃ** ফ্রেশ সালাদ, শাকসবজি বা ফল কাটার জন্য সবুজ চপিং বোর্ড ব্যবহার করা হয়। যেমনঃ আপেল, আঙ্গুর, আনারস এবং সবজির মধ্যে টমেটো, শসা, লেটুস ইত্যাদি। |
|  |  |  |
| **নামঃ** সস প্যান (Sauce Pan) | **নামঃ** ঢাকনা সহ বাঁটি (Sauce Bowl with lid) | **নামঃ** কাঠের চামচ (Wooden Spoon) |
| **ব্যবহারঃ** বেশিরভাগ তরল কিছু রান্না করার জন্য সসপ্যান একটি ভাল হাতিয়ার। যেমন পাস্তা সস, স্যুপ বা স্টুইং, সিমারিং এবং ফুটন্ত পানির মতো তরল খাদ্য রান্নার জন্য সসপ্যান ব্যবহার করা হয়। | **ব্যবহারঃ** ঢাকনা সহ বাটি শুধুমাত্র খাবারকে তাজা এবং গরম রাখে না। এছাড়াও ওভেন-নিরাপদ, ডিশওয়াশার-নিরাপদ এবং মাইক্রোওয়েভ-নিরাপদ রাখার জন্য ঢাকনা সহ বাটি - খুবই প্রয়োজনীয়। | **ব্যবহারঃ** রান্নার সময় শক্ত করে ধরে রেখে খাবার নাড়ারোর জন্য কাঠের চামচ একটি শক্ত মজবুত হ্যান্ডেল দেয়।ফলে নাড়াতে সহজ এবং হ্যান্ডেল ভাঙার সম্ভাবনা কমে থাকে। |
|  |  |  |
| **নামঃ** ছাঁকনি (Strainer) | **নামঃ** হুইস্ক (Whisk) | **নামঃ** ল্যাডেল চামচ (Ladle) |
| **ব্যবহারঃ** ছাঁকনি দিয়ে সবজির পানি ঝরানোর কাজে ব্যবহার করা হয়। যেকোন কিছু ভাজার পর ছাঁকনি দিয়ে ছেঁকে তুললে অবশিষ্ট তেল ঝরে যায়। | **ব্যবহারঃ** হুইস্ক একটি রান্নার সরঞ্জাম যা বাঁকা তারের তৈরি এবং যা জিনিসগুলিকে নাড়াতে বা মেশাতে ব্যবহৃত হয়। (যেমন ডিম, হুইপিং ক্রিম, ইত্যাদি) | **ব্যবহারঃ** ল্যাডেল হল একটি বড় হ্যান্ডেল ওয়ালা চামচ যা সাধারণত স্যুপ, সস এবং বিভিন্ন লিকুইড জিনিস উঠানোর জন্য ব্যবহৃত হয়। এটিতে একটি লম্বা সোজা হ্যান্ডেল থাকে যা একটি ছোট কাপ বা বাটি আকারে শেষ হয়। ল্যাডেল তরল খাবার পরিবেশনে সাহায্য করে। |

| | | |
|---|---|---|
|  |  |  |
| **নামঃ** ব্লেন্ডার মেশিন (Blender) | **নামঃ** কেটলি (Kettle) | **নামঃ** পানির ফিল্টার (Filter) |
| **ব্যবহারঃ** ব্লেন্ডার মেশিনবাড়িতে এবং বাণিজ্যিক রান্নাঘরে বিভিন্ন উদ্দেশ্যে ব্যবহার করা হয়। যেমন তাজা ফল এবং শাকসবজিকে মসৃণ পিউরিতে পরিণত করা; মিল্কশেক তৈরি করতে আইসক্রিম, দুধ এবং বিভিন্ন মিষ্টি সস ব্লেন্ড করার কাজে ব্যবহার করা হয়। | **ব্যবহারঃ** বেশিরভাগ বৈদ্যুতিক কেটল একটি সাধারণ অন/অফ সুইচ দ্বারা চালিত হয়, যা চা, কফিঅন্যান্য গরম পানীয়ের মতো বিশেষ পানীয় তৈরি করতে একটি সুনির্দিষ্ট তাপমাত্রায় পানিকে গরম করে। | **ব্যবহারঃ** সঠিকভাবে পানি ফিল্টার বলতে ক্লোরিন, ব্যাকটেরিয়া এবং অন্যান্য দূষিত পদার্থ অপসারণ নিশ্চিত করে; যা পানিকে নিরাপদ এবং গুণগত মানসম্পন্ন করে থাকে। |
|  |  |  |
| **নামঃ** মাপার কাপ (Measuring Cup) | **নামঃ** মকটেল চামচ (Mocktail Spoon) | **নামঃ** মকটেল শেকার (Mocktail Shaker) |
| **ব্যবহারঃ** প্লাস্টিক পরিমাপের কাপ ১০০সিসি থেকে ৫০০০ সিসি পর্যন্ত, এগুলি সিরাপের পরিমাণ পরিমাপ করতে এবং বড়গুলি চা তৈরির জন্য ব্যবহার করা হয়। পরিমাপের কাপগুলিতে চিহ্ন রয়েছে যাতে এর ভিতরের পানির পরিমাণ জানতে পারা যায় যাতে প্রতিটি ড্রিংকস সঠিক পরিমাণে তৈরি করা যায়। | **ব্যবহারঃ** মকটেল চামচ হলো একটি লম্বা চামচ। এটি যেকোনো মকটেল বানানোর জন্য প্রয়োজনীয় সরঞ্জাম। এটি শুধুমাত্র মকটেল নাড়াচাড়া এবং লেয়ারিং করার জন্যই ব্যবহৃত হয় না, আরো অনেক কাজে ব্যবহৃত হয়। | **ব্যবহারঃ** ককটেল শেকার হল একটি যন্ত্র যা ঝাঁকুনি দিয়ে পানীয় মিশ্রিত করতে ব্যবহৃত হয়। শেকারটি তুলে, ক্যাপটি ভালোভাবে আটকিয়ে আঁকড়ে ধরে জোরে জোরে ঝাঁকাতে হয়। ঝাঁকানোর সময় ক্যাপটি সর্বদা উপরে থাকা উচিত এবং অতিথিদের থেকে দূরে ঝাঁকানো উচিত। |



**নামঃ** অরেঞ্জ স্কুইজার Orange Squeezer,

**ব্যবহারঃ** এটি পানীয় বা সালাদ ড্রেসিংয়ের জন্য প্রতিটি লেবু এবং কমলা থেকে সর্বাধিক রস বের করার জন্য বিশেষভাবে ডিজাইন করা থাকে।

## ১.৩ বেভারেজ বর্ণনা করতে পারবে।

### চা (Tea)

চা বলতে সচরাচর সুগন্ধযুক্ত ও স্বাদবিশিষ্ট এক ধরনের গরম পানীয়কে বোঝায় যা চাপাতা পানিতে ফুটিয়ে বা গরম পানিতে ভিজিয়ে তৈরী করা হয়। চা গাছ থেকে চা পাতা পাওয়া যায়। চা গাছের বৈজ্ঞানিক নাম ক্যামেলিয়া সিনেনসিস।



চীন দেশ চায়ের আদি জন্মভূমি। বর্তমানে এটি বিশ্বের সর্বাপেক্ষা উল্লেখযোগ্য পানীয়রূপে গণ্য করা হয়।

পানির পরেই চা বিশ্বের সর্বাধিক উপভোগ্য পানীয়। এর একধরনের স্নিগ্ধ, প্রশান্তিদায়ক স্বাদ রয়েছে প্রস্তুত করার প্রক্রিয়া অনুসারে চা-কে পাঁচটি প্রধান শ্রেণীতে ভাগ করা যায়। যেমন -কালো চা, সবুজ চা, ইষ্টক চা, উলং বা ওলোং চা এবং প্যারাগুয়ে চা। এছাড়াও, সাদা চা, হলুদ চা, পুয়ের চা-সহ আরো বিভিন্ন ধরনের চা রয়েছে। তবে সর্বাধিক পরিচিত ও ব্যবহৃত চা হল সাদা, সবুজ, উলং এবং কাল চা।

### কফি (Coffee)



কফি বিশ্বব্যাপী খুবই জনপ্রিয় পানীয়। "কফি বীজ" নামে পরিচিত এক প্রকার বীজ পুড়িয়ে গুঁড়ো করে তা পানির সাথে ফুটিয়ে কফি তৈরি করা হয়। এই বীজ কফি চেরি নামক এক ধরনের ফলের বীজ। প্রায় ৭০টি দেশে এই ফলের গাছ জন্মে। সবুজ কফি বিশ্বের সব থেকে বেশি বিক্রীত কৃষিপণ্যের মধ্যে একটি। কফিতে ক্যাফেইন নামক এক প্রকার পদার্থ রয়েছে। বর্তমানে কফি বিশ্বের সর্বাধিক বিক্রীত গরম পানীয়। কফিয়া গাছের ফল থেকে বীজ আলাদা করে তা থেকে সবুজ কফি বীজ তৈরি করা হয়। বীজগুলো ভাজা হয় এবং মিহি করে গুড়ো করা হয়। এরপর গরম পানিতে ফিল্টার করে কফি তৈরি করা হয়। কফি সাধারণত গরম গরম পরিবেশন করা হয়, তবে ঠান্ডা বা বরফযুক্ত কফিও সহজলভ্য। কফি বিভিন্ন উপায়ে প্রস্তুত এবং পরিবেশন করা যায় (যেমন: এক্সপ্রেসো, ফ্রেঞ্চ প্রেস, ক্যাফে ল্যাটে অথবা পূর্ব প্রস্তুতকৃত টিনজাত কফি)। কফির তিক্ত স্বাদ কমাতে বা স্বাদ বাড়াতে সাধারণত চিনি, দুধ এবং ক্রিম ব্যবহৃত হয়।



**তাজা কমলার রস (Fresh Orange Juice)**

কমলার রস থেকে তৈরি একটি মিষ্টি পানীয়। যা প্রস্তুত করা হয়, তাজা কমলাকে কেটে অরেঞ্জ স্কুইজারে চাপ প্রয়োগের মাধ্যমে যে নির্যাস পাওয়া যায় সেই নির্যাসই হলো তাজা কমলার রস। এটিতে আলাদা করে চিনি ব্যবহার করার প্রয়োজন হয় না। কারন কমলা প্রাকৃতিকভাবে অনেক মিষ্টি একটি ফল। কমলার রস একটি প্রিয় পানীয় যা অ্যান্টিঅক্সিডেন্ট এবং মাইক্রোনিউট্রিয়েন্ট যেমনঃ ভিটামিন সি, ফোলেট এবং পটাসিয়াম সমৃদ্ধ। তাজা কমলার রস নিয়মিত পান করা স্বাস্থ্যের জন্য অনেক উপকারী।



**লাচ্ছি (Lassi)**

লাচ্ছি হল একটি ঐতিহ্যবাহী ভারতীয় পানীয় যা শুধু ভারতেই নয়, বিশ্বব্যাপী ব্যাপক জনপ্রিয়তা অর্জন করেছে। এটি একটি দই-ভিত্তিক পানীয় যা তার সতেজ স্বাদ এবং ক্রিমি টেক্সচারের জন্য পরিচিত। লাচ্ছি হল স্মুদির মতো ঘন, ক্রিমযুক্ত পানীয়। এটির প্রধান উপাদান হল দই যা সাধারণত একটি ক্রিমিয়ার টেক্সচারের হয় এবং এর সাথে পানি বা দুধ মিশ্রিত করা হয়।

দই, পানি এবং মশলা মিশিয়ে লাচ্ছি তৈরি করা হয়। ভারতের পাঞ্জাবে, দই ঐতিহ্যগতভাবে পানি, মহিষের দুধ থেকে তৈরি করা হয়। তবে লাচ্ছির ভিন্নতা বিভিন্নভাবে তৈরি করা যায়। লাচ্ছিতে যোগ করা সবচেয়ে সাধারণ মশলা হল জিরা এবং এলাচ। লাচ্ছি ঐতিহ্যগতভাবে কুলহার নামে পরিচিত একটি মাটির কাপে পরিবেশন করা হয়।

**পাইনাপেল ব্লসম (Pineapple Blossom)**



আনারসের রস দিয়ে তৈরি একটি পানীয় যার নাম হল পাইনাপেল ব্লসম। আনারসের সিরাপ, চিনির সিরাপ, বরফ কুচি, সোডা, রক সল্ট এবং লেবুর রস দিয়ে তৈরি করা হয় এই পাইনাপেল ব্লসম। পাইনাপেল ব্লসমকে বিভিন্ন দেশে বিভিন্নভাবে তৈরি করা হয়। আনারসের এই পানীয়তে রয়েছে উচ্চ মাত্রার ভিটামিন সি, বিটা-ক্যারোটিন এবং ভিটামিন এ। আনারসের বেশ কিছু স্বাস্থ্য উপকারিতা রয়েছে বলে মনে করা হয়, যার মধ্যে হজমে সহায়তা করা, প্রদাহ কমানো এবং রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করা।



**মিল্কশেক (Milk Shake)**

মিল্কশেক হল একটি মিষ্টি পানীয় যা দুধ, আইসক্রিম এবং বিভিন্ন মিষ্টিজাতীয় পদার্থ যেমন বাটারস্কচ, ক্যারামেল সস, চকলেট সিরাপ এবং বিভিন্ন ফল দিয়ে তৈরি একটি ঘন, মিষ্টি, ঠান্ডা মিশ্রন যা ব্লেন্ডারে মিশিয়ে তৈরি করা হয়।

মিল্কশেক কার্বোহাইড্রেট, প্রোটিন এবং ফ্যাটের সংমিশ্রণের কারণে শক্তির একটি দুর্দান্ত উৎস। ২০ শতকের শুরুতে মিল্কশেক মার্কিন যুক্তরাষ্ট্রে উদ্ভূত হয়েছিল এবং পরবর্তী দুই দশকে বৈদ্যুতিক ব্লেন্ডারের প্রবর্তনের পর জনপ্রিয়তা বৃদ্ধি পায়।

**ভ্যানিলা স্মুদি (Vanilla Smoothie)**



স্মুদি হল ঘন, ক্রিমযুক্ত পানীয় যা সাধারণত ফল, শাকসবজি, জুস, দই, বাদাম, বীজ এবং দুধ বা নন-ডেইরি দুধ এর মাধ্যমে ব্লেন্ড করে তৈরি করা হয়। স্মুদির জন্ম ষাটের দশকে মার্কিন যুক্তরাষ্ট্রের পশ্চিম উপকূলে। প্রাথমিকভাবে এটি কেবল মিশ্রিত ফল ছিল, এরপর পানির সাথে যোগ করে, বড় গ্লাসে পরিবেশন করা হয়েছিল। ফল, দুধ বা আইসক্রিম যোগ করে রেসিপিটি আরও জনপ্রিয় করে তোলা হয়।

ভ্যানিলা নির্যাস বিভিন্ন ফল এবং সবজিকে মিশ্রিত করতে এবং সামগ্রিক স্বাদ বাড়াতে সাহায্য করবে, এটি চিনি ছাড়া একটি হালকা মিষ্টতা যোগ করবে। এই ভ্যানিলা স্মুদি ক্রিমি এবং প্রোটিন দিয়ে পরিপূর্ণ! এটি ব্যস্ত সকালের জন্য একটি স্বাস্থ্যকর নাস্তা বা ওয়ার্ক আউট-পরবর্তী স্ন্যাকস হিসবে ব্যবহৃত হয়।

## ১.৪ বেভারেজগুলোর জন্য উপাদানগুলো নির্বাচন করতে পারবে।

**উপকরণের নাম ও ব্যবহার**

| | | |
|---|---|---|
|  |  |  |

<table>
<tr>
<td>নামঃ পানি (Water)<br>ব্যবহারঃ জুস, কোমল পানীয় (কার্বনেটেড বেভারেজ), লিকার, ডিস্টিলেটস, ব্রোথ, স্যুপ, পিউরি তৈরির জন্য পানি প্রধান উপাদান। প্রতিটি পানীয় প্রস্তুতের ক্ষেত্রে স্বাদ এবং সর্বোত্তম গুণমান নিশ্চিত করার জন্য বিশুদ্ধ পানি ব্যবহার করা হয়।</td>
<td>নামঃ চিনি (Suger)<br>ব্যবহারঃ চিনি হল পানীয়গুলির মধ্যে প্রচুর পরিমাণে পাওয়া উপাদান। অনেক কার্বনেটেড পানীয়ের মধ্যে সাইট্রিক অ্যাসিড ব্যবহার হয়, চিনি এর অম্লতা প্রতিরোধ করে। একটি সম্পূর্ণ, সুষম পানীয় তৈরি করতে মিষ্টি এবং মুখে স্বাদ যুক্ত করতে চিনি ব্যবহৃত হয়।</td>
<td>নামঃ দুধ (Milk)<br>ব্যবহারঃ শুধুমাত্র একটি পানীয় হওয়া ছাড়াও দুধের অনেক - ব্যবহার রয়েছে। উচ্চমাত্রায়-প্রোটিন মিল্কশেক, গুঁড়ো দুধের পানীয়, স্মুদি এবং ফোর্টিফায়েড দুধের পণ্যগুলি দুধের তৈরি পানীয়গুলির মধ্যে কয়েকটি উদাহরণ।</td>
</tr>
<tr>
<td></td>
<td></td>
<td></td>
</tr>
<tr>
<td>নামঃ চা (Tea)<br>ব্যবহারঃ চা এর স্বাদ, গন্ধ, স্বাস্থ্য উপকারিতা এবং কিছু সাংস্কৃতিক অনুশীলনের জন্য এর গুরুত্ব অনেক। অসংখ্য গবেষণায় দেখা গেছে যে বিভিন্ন ধরনের চা আপনার রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়াতে পারে, প্রদাহের বিরুদ্ধে লড়াই করতে পারে এবং এমনকি ক্যান্সার ও হৃদরোগ থেকে রক্ষা করতে পারে।</td>
<td>নামঃ কফি (Coffee)<br>ব্যবহারঃ কফি বিশ্বের তিনটি সর্বাধিক জনপ্রিয় পানীয়ের মধ্যে একটি (পানি এবং চায়ের পাশাপাশি), এবং এটি সবচেয়ে লাভজনক আন্তর্জাতিক পণ্যগুলির মধ্যে একটি। শরীর চাঙ্গা রাখতে এবং অনেক সময় শরীরকে গরম রাখতে গরম কফি পান করা হয়।</td>
<td>নামঃ হুইপড ক্রিম (Whipped Cream)<br>ব্যবহারঃ হুইপড ক্রিম আইসক্রিম, মিল্কশেক, লাচ্ছি, স্ট্রবেরি, ব্লুবেরি বা পীচের টপিং হিসাবে ব্যবহার করা হয়। এটি চা, কফি ইত্যাদির মতো গরম পানীয়গুলিতেও যোগ করা হয়।</td>
</tr>
<tr>
<td></td>
<td></td>
<td></td>
</tr>
</table>

| | | |
|---|---|---|
| **নামঃ** চকোলেট সিরাপ (Chocolate syrup)<br>**ব্যবহারঃ** চকোলেট সিরাপ একটি মিষ্টি, চকোলেট-গন্ধযুক্ত লিকুইড বা সস। এটি প্রায়শই বিভিন্ন ডেজার্টের জন্য টপিং বা ডেজার্ট সস হিসাবে ব্যবহৃত হয়। যেমন আইসক্রিম, চকলেট মিল্ক, ঠান্ডা কফি তৈরি করতে দুধের সাথে মিশিয়ে বা চকোলেট মিল্কশেক তৈরি করতে দুধ এবং আইসক্রিমের সাথে মিশ্রিত করা হয়। | **নামঃ** কুকিং চকোলেট (Cooking Chocolate)<br>**ব্যবহারঃ** কুকিং চকলেট সহজে গলে যাওয়া এবং বিভিন্ন পানীয়ের সাথে সহজে মিশ্রিত করার উযুক্ত করে তৈরি করা হয়। এটি বেকিং, কুকিং এবং বেভারেজ এর জন্য আদর্শ একটি চকলেট বার। অন্যদিকে, সাধারণ চকলেট, যা সাধারণত খাওয়া বা টেবিল চকলেট হিসাবেও ব্যবহার করা হয়। | **নামঃ** কোকো পাউডার (Coco Powder)<br>**ব্যবহারঃ** কোকো পাউডার এবং দুধ দিয়ে গরম বা ঠান্ডা চকোলেট পানীয় তৈরি করা হয়। কোকো পাউডারে রয়েছে আয়রন, জিঙ্ক এবং সেলেনিয়াম। এই খনিজগুলি শরীরের কার্যকারিতাকে সাহায্য করে এবং ইমিউন সিস্টেমকে বৃদ্ধি ও মক্তিশালী করে। |
|  |  |  |
| **নামঃ** আইস কিউব (Ice cube)<br>**ব্যবহারঃ** আইস কিউবপ্রায় সমস্ত মকটেলের জন্য আদর্শ কারণ এটি তাদের খুব দ্রুত গলে যাওয়া থেকে বাধা দেয়,ফলে এটির আসল গন্ধ না হারিয়ে একটি পুরোপুরি ঠান্ডা পানীয় উপভোগ করতে সাহায্য করে। এটি শুধুমাত্র পানীয়কে ঠান্ডা তাপমাত্রায় রাখে না, বরং এটি ককটেলের সামগ্রিক গুণমানকেও প্রভাবিত করে। | **নামঃ** পুদিনা পাতা (Mint leaves)<br>**ব্যবহারঃ** পুদিনা পাতার ব্যবহার যে কোন পানীয়তে সতেজতা যোগ করে। যেমন ক্লাসিক মোহিতো, মিন্ট জুলেপ ইত্যাদি। বিভিন্ন পানীয়তে পুদিনা পাতা গার্নিশ হিসেবেও ব্যবহার করা হয়। | **নামঃ** বিট লবন (Black salt)<br>**ব্যবহারঃ** যেকোনো পানীয় যেমন: লেবুর পানির সাথে  কালো লবণ পরিপাকতন্ত্রের পিএইচ লেভেল ঠিক রাখতে সাহায্য করে। কালো লবণ খাওয়া খাবার থেকে আরও পুষ্টি শোষণ করতে সাহায্য করে। বিভিন্ন পানীয়র স্বাদ বাড়িয়ে তোলার জন্য পানীয়তে এটি যোগ করা হয়। |
|  |  |  |

| | | |
|---|---|---|
| **নামঃ** লবন (Salt)<br>**ব্যবহারঃ** খাবারের মতো, পানীয়গুলিতে এর উপাদানগুলির ভারসাম্য রক্ষা এবং স্বাদ বৃদ্ধির জন্য লবণ ব্যবহৃত হয়। এটি পানির সাথে মিশিয়ে বা দানাদার আকারে ব্যবহার করা যেতে পারে। | **নামঃ** লেবুর রস (Lemon Juice)<br>**ব্যবহারঃ** বিভিন্ন পানীয়তে লেবুর স্প্ল্যাশ যোগ করলে পানীয় পান করার জন্য আরও আকর্ষণীয় হয়ে উঠে, যা চিনিযুক্ত স্পোর্টস ড্রিংকস এবং জুস পান কমাতে সাহায্য করে। | **নামঃ** ফল (Fruits)<br>**ব্যবহারঃ** বিভিন্ন ফলের পানীয়ের মধ্যে রয়েছে আপেলের জুস, আঙ্গুরের জুস, আমের জুস, আনারসের জুস, তরমুজের জুস, আঙ্গুরের জুস, ক্র্যানবেরি জুস, কমলার জুস, ক্যান্টালুপের রস, স্ট্রবেরি জুস, পেঁপের জুস। ফল দিয়ে তৈরি বিভিন্ন পানীয় স্বাস্থ্যের জন্য অত্যন্ত উপকারী। |
|  |  |  |
| **নামঃ** গরম মশলা Hot spice<br>**ব্যবহারঃ** গরম মশলা গুঁড়া হোটেল এবং রেস্তোরাঁয় খাবারে একটি টেক্সচার, ফ্লেভার এবং তীব্র গন্ধ যোগ করে। দ্রুত ছিটিয়ে তরকারি, ভাজা, এমনকি সবজি এবং পানীয়কে উন্নত করে। | **নামঃ** ধনিয়া পাতা Coriander leaves<br>**ব্যবহারঃ** তাজা ধনিয়া আপনার প্রতিদিনের পানীয় এবং খাবারে ভিটামিন এবং খনিজ গ্রহন পূরণে সাহায্য করার জন্য খুবই উপকারী। | **নামঃ** সরিষা Mustards<br>**ব্যবহারঃ** মাস্টার্ড হল একটি সরিষা বীজ যা থেকে পেস্ট তৈরি করা হয়। এটি সস, ড্রেসিং, ম্যারিনেড এমনকি পানীয়তে একটি তীক্ষ্ণ ঝাজালো স্বাদ প্রদান করে। |
|  |  |  |
| **নামঃ** কাঁচা মরিচ Green Chili<br>**ব্যবহারঃ** কাঁচা মরিচ একটি বহুমুখী উপাদান যা পানীয়তে গন্ধ এবং হালকা ঝাল স্বাদ যোগ করে, সেগুলিকে আরও সুস্বাদু এবং উপভোগ্য করে তোলে। | **নামঃ** শুকনো মরিচ গুঁড়া Chili Powder<br>**ব্যবহারঃ** লাল মরিচ একটি গরম/ঝাল স্বাদ যা সিজনিং, খাবারে এবং পানীয়তে ফ্লেভার ও কালার আনতে সাহায্য করে। | **নামঃ** জিরা গুড়া Cumin Powder<br>**ব্যবহারঃ** পানীয়তে জিরা ব্যবহার করলে অ্যান্টিঅক্সিডেন্টের পরিমাণ বাড়ে, হজমশক্তি বাড়ায় এবং খাদ্যজনিত অসুস্থতা কমাতে পারে। |

<table>
<tr><td></td><td></td><td></td></tr>
<tr><td>নামঃ ভাজা ধনিয়া গুঁড়া Fried coriander powder<br>ব্যবহারঃ এটি অ্যান্টি-ব্যাকটেরিয়াল, অ্যান্টি-সেপটিক এবং অ্যান্টিমাইক্রোবিয়াল বৈশিষ্ট্যের কারণে শরীরকে বিভিন্ন সংক্রমণ থেকে রক্ষা করে। বেকিং এ এটি রুটি, পেস্ট্রি এবং ডেজার্টে পাওয়া যেতে পারে, একটি অনন্য স্বাদের মাত্রা যোগ করে।</td><td>নামঃ সাদা মরিচ White pepper<br>ব্যবহারঃ খাবারের সিজন করার জন্য ডাইনিং টেবিলের একটি প্রধান উপাদান। রান্নাঘরে বিভিন্ন খাবারে এটি ব্যবহার করা হয়।</td><td>নামঃ পোস্ত Poppy seeds<br>ব্যবহারঃ যেহেতু এগুলি খুব ছোট এবং একসাথে লেগে থাকার প্রবণতা রয়েছে, তাই পপি বীজগুলি প্রায়শই শুকনো ভাজা হয়, বা ভিজিয়ে রাখা হয় এবং ব্যবহার করার আগে সেগুলি পরিচালনা করা সহজ করে। মধ্য এবং পূর্ব ইউরোপে, এগুলি কেক, রুটি, বিস্কুট এবং ব্যাগেলগুলিতে ছিটিয়ে দেওয়া হয় এবং আলু, ডিম, পাস্তা, ক্রিম এবং পনিরের খাবারে যোগ করা হয়।</td></tr>
<tr><td></td><td colspan="2">নামঃ দই (Yogurts)<br>ব্যবহারঃ দই হল একটি টার্ট ফুড যা ব্যাকটেরিয়া দিয়ে দুধকে গাঁজন করে তৈরি করা হয়। বিভিন্ন ধরনের বেভারেজ তৈরীতে, রান্নায়, দই ডিপস, সস, মেরিনেড এবং বেকিংয়ে ব্যবহৃত হয়।</td></tr>
<tr><td></td><td colspan="2">নামঃ টমেটো সস (Tomato sauce)<br>ব্যবহারঃ টমেটো সস মাংস এবং শাকসবজির জন্য অসাধারণ, তবে মেক্সিকান সালসা এবং ইতালিয়ান পাস্তা খাবারের জন্য সসের বেস হিসাবে পরিচিত।</td></tr>
</table>

## সেলফ চেক (Self Check)- ১: বেভারেজ উপাদানগুলো সনাক্ত করতে পারবে।

প্রশিক্ষণার্থীদের জন্য নির্দেশনা:- উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন-

**সংক্ষিপ্ত প্রশ্ন**

১. **হাইজিন বা স্বাস্থ্যবিধি কি:**

**উত্তর:**

২. **হাইজিনের প্রকারভেদ কি কি?**

**উত্তর:**

৩. **ফুড হাইজিন নিশ্চিতকরণে কোন বিষয়গুলো লক্ষ্য রাখতে হয়?**

**উত্তর:**

৪. **লাচ্চি কি?**

**উত্তর:**

## উত্তরপত্র (Answer Key)-১: বেভারেজ উপাদানগুলো সনাক্ত করতে পারবে।

**১. হাইজিন বা স্বাস্থ্যবিধি কি?**

**উত্তর: হাইজিন বা স্বাস্থ্যবিধি**

আমাদের দেশে হাইজিন শব্দটি দ্বারা স্বাভাবিক অর্থে পরিচ্ছন্নতা বুঝলেও আক্ষরিক ও ব্যবহারিক কোনো দিক থেকেই তা নয়। হাইজিন শব্দটির বাংলা হলো স্বাস্থ্যবিধি। আমাদের সুস্থ থাকার জন্য প্রয়োজনীয় নিয়ম-কানুনই হলো হাইজিন।

WHO (World Health Organization) এর ভাষ্যমতে, "স্বাস্থ্যবিধি হলো সুস্থ থাকার প্রয়োজনে আরোপিত নিয়মনীতি এবং সেই নিয়মের অনুসরণ করা, যার ফলে আমরা রোগ সংক্রমণ থেকে দূরে থাকি এবং আমাদের সুস্বাস্থ্য বজায় থাকে।"

**২. হাইজিনের প্রকারভেদগুলো কি কি?**

**উত্তর:**

হিউম্যানিটেরিয়ান গ্লোবাল হাইজিন বা স্বাস্থ্যবিধিকে চারভাগে ভাগ করেছে।

ক. ব্যক্তিগত স্বাস্থ্যবিধি

খ. পরিবেশগত স্বাস্থ্যবিধি

গ. পারিবারিক/সমষ্টিগত স্বাস্থ্যবিধি

ঘ. খাদ্য সংক্রান্ত স্বাস্থ্যবিধি

**৩. ফুড হাইজিন নিশ্চিতকরণে কোন বিষয়গুলো লক্ষ্য রাখতে হয়?**

**উত্তর:**

ক. হাত, কাপড়, আসবাবপত্র ও খাবারের উপাদানের পরিচ্ছন্নতা নিশ্চিত করতে হবে।

খ. রাসায়নিক দ্রব্যের সংস্পর্শ থেকে খাবারকে দূরে রাখা।

গ. প্লাস্টিক কন্টেইনার ব্যবহার করলে, সেই প্লাস্টিকের গ্রেড কত না নিশ্চিত হয়ে নেওয়া।

ঘ. বিশুদ্ধ পানি ব্যবহার করা।

**৪. লাচ্চি কি?**

**উত্তর:** একটি দই-ভিত্তিক পানীয় যা তার সতেজ স্বাদ এবং ক্রিমি টেক্সচারের জন্য পরিচিত। লাচ্ছি হল স্মুদির মতো ঘন, ক্রিমযুক্ত পানীয়। এটির প্রধান উপাদান হল দই যা সাধারণত একটি ক্রিমিয়ার টেক্সচারের হয় এবং এর সাথে পানি বা দুধ মিশ্রিত করা হয়।

**আক্টিভিটি শিট ১.১:** বেভারেজ উপাদানগুলো সনাক্তকরন।

| | |
|---|---|
| **উদ্দেশ্য** | বেভারেজ তৈরিতে সাধারণত ব্যবহৃত উপাদানগুলির বৈশিষ্ট্য সম্পর্কে নিজেকে পরিচিত করা। |
| **সাপ্লাইস/ম্যাটারিয়ালস** | কলম, কাগজ, উপাদান, ছোট কাপ/বাটি, মাপার চামচ |
| **কাজের ধাপ** | নিচের ছকে বেভারেজ তৈরির উপাদান এর নাম দেওয়া হল, তার রং, গঠন এবং স্বাদ লিখুন। |

**নামঃ** **তারিখঃ**

| উপকরণ | রং | গঠন | স্বাদ | অন্যান্য বৈশিষ্ট্য |
|---|---|---|---|---|
| চকোলেট সিরাপ | | | | |
| দুধ | | | | |
| চা | | | | |
| ক্রিম | | | | |
| চিনি | | | | |
| লবন | | | | |
| কফি | | | | |
| বিট লবন | | | | |
| কোকো পাউডার | | | | |

## **শিখনফল (Learning Outcome)**- ২: বেভারেজ প্রস্তুত করতে পারবে।

| | |
|---|---|
| **অ্যাসেসমেন্ট মানদন্ড** | ১. বেভারেজ প্রস্তুত করার পদ্ধতিগুলো রিকোয়ারমেন্ট অনুযায়ী মেইন্টেইন করতে সক্ষম হয়েছে।<br>২. মেন্যু অনুযায়ী বেভারেজ প্রস্তুত করতে সক্ষম হয়েছে।<br>৩. মৌলিক বেভারেজ থেকে ডেরিভেশন তৈরি করতে সক্ষম হয়েছে।<br>৪. পানীয়ের স্বাদ, রঙ এবং ধারাবাহিকতা পরীক্ষা এবং রিকোয়ারমেন্ট অনুযায়ী বিচ্যুতিগুলো সনাক্ত এবং সংশোধন করতে সক্ষম হয়েছে। |
| **শর্ত ও রিসোর্স** | ১. প্রকৃত কর্মক্ষেত্রে অথবা প্রশিক্ষণ পরিবেশ<br>২. সিবিএলএম<br>৩. হ্যান্ডআউটস<br>৪. ল্যাপটপ<br>৫. মাল্টিমিডিয়া প্রজেক্টর<br>৬. কাগজ, কলম, পেন্সিল, ইরেজার<br>৭. ইন্টারনেট সুবিধা<br>৮. হোয়াইট বোর্ড ও মার্কার<br>৯. অডিও ভিডিও ভিভাইস |
| **বিষয়বস্তু** | ১. বেভারেজ প্রস্তুত করার পদ্ধতিগুলো রিকোয়ারমেন্ট অনুযায়ী মেইন্টেইন করা।<br>২. মেন্যু অনুযায়ী বেভারেজ প্রস্তুত করা।<br>৩. মৌলিক বেভারেজ থেকে ডেরিভেশন তৈরি করা।<br>৪. পানীয়ের স্বাদ, রঙ এবং ধারাবাহিকতা পরীক্ষা এবং রিকোয়ারমেন্ট অনুযায়ী বিচ্যুতিগুলো সনাক্ত এবং সংশোধন করা। |
| **অ্যাক্টিভিটি/টাস্ক/জব** | ১. মেন্যু অনুযায়ী বেভারেজ প্রস্তুত করুন।<br>২. পানীয়ের স্বাদ, রঙ এবং ধারাবাহিকতা পরীক্ষা এবং রিকোয়ারমেন্ট অনুযায়ী বিচ্যুতিগুলো সনাক্ত এবং সংশোধন করুন। |
| **প্রশিক্ষণ পদ্ধতি** | ১. আলোচনা (Discussion)<br>২. উপস্থাপন (Presentation)<br>৩. প্রদর্শন (Demonstration)<br>৪. নির্দেশিত অনুশীলন (Guided Practice)<br>৫. স্বতন্ত্র অনুশীলন (Individual Practice)<br>৬. প্রজেক্ট ওয়ার্ক (Project Work)<br>৭. সমস্যা সমাধান (Problem Solving)<br>৮. মাথাখাটানো (Brainstorming) |
| **অ্যাসেসমেন্ট পদ্ধতি** | ১. লিখিত অভীক্ষা (Written Test)<br>২. প্রদর্শন (Demonstration)<br>৩. মৌখিক প্রশ্ন (Oral Questioning)<br>৪. পোর্টফলিও ( Portfolio) |

## শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ২: বেভারেজ প্রস্তুত করতে পারবে।

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং পারফরম্যান্স ক্রাইটেরিয়া অর্জনের জন্য নিম্নলিখিত কার্যক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন করুন। কার্যক্রমগুলোর জন্য বর্ণিত রিসোর্সসমূহ ব্যবহার করুন।

| **শিখন কার্যক্রম**<br>**(Learning Activities)** | **উপকরণ / বিশেষ নির্দেশনা**<br>**(Resources / Special instructions)** |
|---|---|
| ১. প্রশিক্ষার্থীগন কোন শিক্ষা উপকরণ ব্যবহার করবে সে সম্পর্কে প্রশিক্ষকের নিকট জানতে চাইবে। | ১. প্রশিক্ষক প্রশিক্ষনার্থীদের **"বেভারেজ প্রস্তুত করতে পারবে"** শেখার উপকরণ প্রদান করবেন। |
| ২. ইনফরমেশন শিট পড়তে হবে। | ২. ইনফরমেশন শিট ২ : বেভারেজ প্রস্তুত করতে পারবে। |
| ৩. সেলফ চেকে প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে। | ৩. সেল্ফ-চেক শিট ২ -এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। উত্তরপত্র ২ -এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত করুন। |
| ৪. জব/টাস্ক শিট ও স্পেসিফিকেশন শিট অনুযায়ী জব সম্পাদন করুন। | ৪. নিম্নোক্ত জব/টাস্ক শিট অনুযায়ী জব/টাস্ক সম্পাদন করুন<br>জব শিট ২.১: মেন্যু অনুযায়ী বেভারেজ প্রস্তুত করুন।<br>অ্যাক্টিভিটি শিট ২.২: পানীয়ের স্বাদ, রঙ এবং ধারাবাহিকতা পরীক্ষা এবং রিকোয়ারমেন্ট অনুযায়ী বিচ্যুতিগুলো সনাক্ত এবং সংশোধন করুন। |

## ইনফরমেশন শিট (Information Sheet) ২: বেভারেজ প্রস্তুত করতে পারবে।

**শিখন উদ্দেশ্য (Learning Objective):** এই ইনফরমেশন শীট পড়ে শিক্ষার্থীগণ নিম্নোক্ত বিষয়গুলো ব্যখ্যা করতে, বর্ণনা করতে ও তথ্যগুলো কাজে প্রয়োগ করতে পারবে।

২.১ বেভারেজ প্রস্তুত করার পদ্ধতিগুলো রিকোয়ারমেন্ট অনুযাযী মেইন্টেইন করা।
২.২ মেন্যু অনুযায়ী বেভারেজ প্রস্তুত করা।
২.৩ মৌলিক বেভারেজ থেকে ডেরিভেশন তৈরি করা।
২.৪ পানীয়ের স্বাদ, রঙ এবং ধারাবাহিকতা পরীক্ষা এবং রিকোয়ারমেন্ট অনুযায়ী বিচ্যুতিগুলো সনাক্ত এবং সংশোধন করা।

### ২.১ বেভারেজ প্রস্তুত করার পদ্ধতিগুলো রিকোয়ারমেন্ট অনুযায়ী মেইন্টেইন করা।

**বেভারেজ প্রস্তুতের জন্য কুকিং মেথডঃ** যে সকল কুকিং মেথড ব্যবহার করে আমরা বেভারেজ গুলো প্রস্তুত করব তা নিম্নে বর্ণনা করা হলো:


**ক. চাঃ** বয়লিং মেথড।
বয়লিং পদ্ধতিঃ এই পদ্ধতিতে ফুটন্ত পানিতে বা দুধে চা প্রস্তুত করা হয়।

**খ. কফিঃ** বয়লিং মেথড।
বয়লিং পদ্ধতিঃ কফিও বয়লিং পদ্ধতিতে ফুটন্ত পানিতে বা দুধে প্রস্তুত করা হয়।

**চা প্রস্তুত করার পদ্ধতি**

| | | |
|---|---|---|
|  |  |  |
| **ধাপ-১:** প্রথমে একটি পাত্রে পানি নিতে হবে এবং তা কয়েক মিনিটের জন্য অল্প আচেঁ ফুটতে দিতে হবে। | **ধাপ-২:** এরপর চা পাতা দিতে হবে এবং অল্প আচেঁ ফুটাতে হবে। | **ধাপ-৩:** এরপর কিছুটা আদা কুচি করে অথবা আদা ছেঁচে চায়ের পাত্রে দিয়ে দিতে হবে। |
|  |  |  |
| **ধাপ-৪:** চা ভালোভাবে ফুটে উঠলে, চুলার আঁচ কমিয়ে তরল দুধ এবং চিনি যোগ করতে হবে। | **ধাপ-৫:** এরপর কিছুক্ষণ ফুটানোর পর তৈরি হয়ে গেলে ছাঁকনি দিয়ে ছেঁকে, কাপে ঢেলে নিতে হবে। | **ধাপ-৬:** গরম গরম চা কাপে পরিবেশন করতে হবে। |


**কফি প্রস্তুত করার পদ্ধতি**

| | | |
|---|---|---|
|  |  |  |
| ধাপ-১: একটি বড় মগ,কফি পাউডার, চিনি এবং পানি নিতে হবে। | ধাপ-২: এরপর বড় মগে কফি পাউডার, চিনি এবং এক টেবিল চামচ পানি নিয়ে নিতে হবে। | ধাপ-৩: একটি চামচ দিয়ে তিনটি উপাদান একসাথে প্রায় ৫-৮ মিনিট বা হালকা এবং তুলতুলে না হওয়া পর্যন্ত বিট করুন। |
|  |  |  |
| ধাপ-৪: বিট করার পর এটা দেখতে এরকম ফোম এর মতো হবে। | ধাপ-৫: বিট করার সময়, মিশ্রণটি ঘন হয়ে এলে একবারে ১ চা চামচ পানি যোগ করে আবার বিট করতে থাকুন। | ধাপ-৬: কফি তার রঙ গাঢ় বাদামী থেকে হালকা বাদামীতে পরিবর্তন করবে এবং এর টেক্সচার হালকা এবং তুলতুলে হয়ে যাবে। |
|  |  |  |
| ধাপ-৭: এরপর একটি পাত্রে দুধ ঢেলে নিতে হবে। | ধাপ-৮: চুলায় জ্বাল দিয়ে দুধ ফুটিয়ে নিতে হবে। | ধাপ-৯: একটি সার্ভিং মগে দুই টেবিল চামচ ফেটানো কফি যোগ করুন। |
|  |  |  |
| ধাপ-১০: এরপর তার উপরে গরম সেদ্ধ দুধ দিন। | ধাপ-১১: আস্তে আস্তে দুধ এবং ফেটানো কফি একসাথে নাড়ুন এবং এটি ঘন এবং ফেনাযুক্ত হয়ে যাবে। | ধাপ-১১: গরম গরম পরিবেশন করুন! |


**কোল্ড কফি প্রস্তুত করার পদ্ধতি**

| | | |
|---|---|---|
|  |  |  |
| ধাপ-১: প্রথমে একটি ব্লেন্ডার নিতে হবে। এরপর ২ টেবিল চামচ কফি দানা বা পাউডার নিতে হবে। | ধাপ-২: ৪ টেবিল চামচ মিহি চিনি বা গুঁড়ো চিনি যোগ করতে হবে। | ধাপ-৩: ব্লেন্ডারের জারে ৪ টেবিল চামচ গরম পানি যোগ করতে হবে। |
|  |  |  |
| ধাপ-৪: চিনি এবং কফি সম্পূর্ণরূপে মিশে ফেনা না হওয়াপর্যন্ত ব্লেন্ডারটি চালাতে হবে। | ধাপ-৫: এটি ফেনাযুক্ত হয়ে উঠবে। | ধাপ-৬: এ পর্যায়ে ঠান্ডা দুধ যোগ করতে হবে। |
|  |  |  |
| ধাপ-৭: ৪ থেকে ৬ পিস আইস কিউব এবং ২ স্কুপ ভ্যানিলা আইসক্রিম যোগ করতে হবে। | ধাপ-৮: ফেনা হওয়া পর্যন্ত ব্লেন্ড করতে হবে। লক্ষ্য রাখতে হবে বেশি ব্লেন্ড করলে ফেনা বসে যেতে পারে। | ধাপ-৯: তারপর গার্নিশ করা গ্লাসে ঢেলে নিতে হবে। আইসক্রিম এবং চকলেট সিরাপ দিয়ে পরিবেশন করতে হবে। |

**ফ্রেশ অরেঞ্জ জুস প্রস্তুত করার পদ্ধতি**

| | | |
|---|---|---|
|  |  |  |
| ধাপ-১: প্রথমে অরেঞ্জ গুলোকে পরিষ্কার করে ধুয়ে নিতে হবে এবং একটি ছুরির সাহায্যে অরেঞ্জকে দুই ভাগে ভাগ করে নিতে হবে। | ধাপ-২: এবার অরেঞ্জ স্কুইজার এর সাহায্যে ঘুরিয়ে ঘুরিয়ে জুস বের করে নিতে হবে। | ধাপ-৩: একইভাবে ১/২ লেবু থেকে রস বের করে নিতে হবে। বাকি ১/২ টা রেখে দিতে হবে। |
|  |  |  |
| ধাপ-৪: বাকি ১/২ লেবু টুকড়া করে কেটে নিতে হবে। | ধাপ-৫: পুদিনা পাতা ডাল থেকে আলাদা করে নিতে হবে। | ধাপ-৬: এবার সার্ভিং গ্লাসে কিছু লেবুর টুকড়া এবং কিছু পুদিনা দিয়ে দিতে হবে। |
|  |  |  |
| ধাপ-৭: এবার একটি কাঠের হামান দিস্তার লম্বা অংশ নিয়ে হালকা করে ছেঁচে নিতে হবে। | ধাপ-৮: এরপর এর সাথে চিনি যোগ করতে হবে। | ধাপ-৯: এরপর সার্ভিং গ্লাসে ঢেলে নিতে হবে। কিছু বরফ কুঁচি দিয়ে সব কিছু একবার মকটেল চামচ দিয়ে নেড়ে নিতে হবে। এবার একটি মালটার স্লাইস দিয়ে পরিবেশন করতে হবে। |

**লাচ্ছি প্রস্তুত করার পদ্ধতি**

| | | |
|---|---|---|
|  |  |  |
| ধাপ-১: প্রথমে একটি হামান দিস্তা বা শীল পাটায় কয়েকটি এলাচ নিতে হবে। | ধাপ-২: এরপর এলাচ গুলোকে বেটে গুঁড়ো করে নিতে হবে। | ধাপ-৩: এরপর একটি বাটিতে ঠান্ডা টক দই নিতে হবে। |
|  |  |  |
| ধাপ-৪: এরকম একটি হুইস্ক নিতে হবে। | ধাপ-৫: একটি হুইস্কের সাহায্যে টক দই ফেটিয়ে নিতে হবে। | ধাপ-৬: এ পর্যায়ে মিশ্রণটিতে চিনি এবং সামান্য গুড়া করে রাখা এলাচ এর গুড়া দিয়ে দিতে হবে। |
|  |  |  |
| ধাপ-৭: ততক্ষণ পর্যন্ত ফেটাতে হবে যতক্ষণ না চিনি দই এর সাথে একদম মিলিয়ে যায়। | ধাপ-৮: এরপর এর সাথে ঠান্ডা পানি মেশাতে হবে। | ধাপ-৯: একটি সার্ভিং গ্লাসে ঢেলে নিতে হবে। এবং ঠান্ডা পরিবেশন করতে হবে। |


**পাইন অ্যাপেল ব্লসম প্রস্তুত করার পদ্ধতি**

| | | |
|---|---|---|
|  |  |  |
| ধাপ-১: প্রথমে একটি ব্লেন্ডারে সুগার সিরাপ, পাইনাপেল সিরাপ এবং লেবুর রস নিয়ে নিতে হবে। | ধাপ-২: এরপর এতে রক সল্ট যোগ করতে হবে। | ধাপ-৩: এ পর্যায়ে সোডা যোগ করে সব একত্রে ব্লেন্ড করে নিতে হবে। |
|  |  |  |
| ধাপ-৪: একটি গ্লাস নিতে হবে এবং সে গ্লাসটিতে পর্যাপ্ত পরিমানে বরফ নিতে হবে। | ধাপ-৫: এবার সার্ভিং গ্লাসে পানীয়টি ঢেলে নিতে হবে। | ধাপ-৬: গার্নিশ এর জন্য লেবুর স্লাইস, পুদিনা অথবা পাইনাপেল স্লাইস দিয়ে ঠান্ডা ঠান্ডা পরিবেশন করতে হবে। |

**মিল্ক শেক প্রস্তুত করার পদ্ধতি**

| | | |
|---|---|---|
|  |  |  |
| ধাপ-১: মিল্ক শেকের জন্য এরকম একটি শেকার নিয়ে নিতে হবে। | ধাপ-২: এরপর এতে আইসক্রিম নিয়ে নিতে হবে। | ধাপ-৩: এবার এর মধ্যে তরল দুধ দিয়ে দিতে হবে। |
|  |  |  |
| ধাপ-৪: এরপর ঢাকনা লাগিয়ে ভালোভাবে শেক করে নিতে হবে। | ধাপ-৫: তারপর একটি সার্ভিং গ্লাসে ঢেলে নিতে হবে। | ধাপ-৬: এরপর উপরে হুইপ ক্রিম এবং চেরি দিয়ে পরিবেশন করতে হবে। |

**ভ্যানিলা স্মুদি প্রস্তুত করার পদ্ধতি**

| | | |
|---|---|---|
|  |  |  |
| ধাপ-১: প্রথমে একটি কলাকে গোল স্লাইস করে কেটে নিতে হবে। | ধাপ-২: এরপর খেজুরের ভেতর থেকে বীজ বের করে নিতে হবে। | ধাপ-৩: এরপর ভেজানো কাঠ বাদাম গুলো থেকে খোসা ছাড়িয়ে নিতে হবে। |
|  |  |  |
| ধাপ-৪: এবার একটি ব্লেন্ডার মেশিনের ভেতর প্রথমে কলা, এরপর খেজুর, বাদাম এবং চিনি দিয়ে নিতে হবে। | ধাপ-৫: এরপর এতে ভ্যানিলা এসেন্স যোগ করতে হবে। | ধাপ-৬: কিছু বরফ কুঁচি দিয়ে দিতে হবে। |
|  |  |  |
| ধাপ-৭: এরপর ঠান্ডা তরল দুধ দিয়ে একত্রে সবকিছু ব্লেন্ড করে নিতে হবে। | ধাপ-৮: ব্লেন্ড করা স্মুদিতে যখন উপরে ফোমের মতন হয়ে আসবে, তখন তা প্রস্তুত হয়ে যাবে। | ধাপ-৯: এরপর সার্ভিং গ্লাসে ঢেলে পরিবেশন করতে হবে। |

## ২.২ মেন্যু অনুযায়ী বেভারেজ প্রস্তুত করা

### চা এর রেসিপি

সময়ঃ ১৫ মিনিট

১ জনের জন্য

**উপকরণ**

| | |
|---|---|
| পানি | ৩/৪ কাপ |
| চা পাতা বা চায়ের গুঁড়া/দানা | ১ চা চামচ |
| আদা | সামান্য |
| চিনি | প্রয়োজন মত |
| দুধ | ১/৪ কাপ |

**কার্যপদ্ধতি**

**ক.** কাজের প্রয়োজন অনুযায়ী ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (PPE) সংগ্রহ ও পরিধান করুন।

**খ.** কাজের প্রয়োজনীয়তা অনুযায়ী সরঞ্জাম, পাত্র এবং যন্ত্রপাতি নির্বাচন করুন।

**গ.** নির্ধারিত রেসিপি অনুযায়ী রান্নার উপাদানসমূহ ব্যবহারের জন্য নির্বাচন করুন।

**ঘ.** একটি পাত্রে পানি নিতে হবে এবং তা কয়েক মিনিটের জন্য অল্প আচেঁ ফুটতে দিতে হবে।

**ঙ.** এরপর চা পাতা দিতে হবে এবং অল্প আঁচে ফুটাতে হবে।

**চ.** এরপর কিছুটা আদা কুঁচি করে অথবা আদা ছেঁচে চায়ের পাত্রে দিয়ে দিতে হবে।

**ছ.** চা ভালোভাবে ফুটে উঠলে, চুলার আঁচ কমিয়ে তরল দুধ এবং চিনি যোগ করতে হবে।

**জ.** এরপর কিছুক্ষণ ফোটানোর পর তৈরি হয়ে গেলে ছাঁকনি দিয়ে ছেঁকে, কাপে ঢেলে নিতে হবে।

**ঝ.** গরম গরম চা কাপে পরিবেশন করতে হবে।

**গরম কফি এর রেসিপি**

সময়ঃ ১৫ মিনিট

১ জনের জন্য

**উপকরণ**

| | |
|---|---|
| ইনস্ট্যান্ট কফি পাউডার | ২ টেবিল চামচ |
| চিনি | ৪ টেবিল চামচ |
| দুধ | ১ কাপ (২৪০ মিলি) |

**কার্যপদ্ধতি**

**ক.** কাজের প্রয়োজন অনুযায়ী ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (PPE) সংগ্রহ ও পরিধান করুন।

**খ.** কাজের প্রয়োজনীয়তা অনুযায়ী সরঞ্জাম, পাত্র এবং যন্ত্রপাতি নির্বাচন করুন।

**গ.** নির্ধারিত রেসিপি অনুযায়ী রান্নার উপাদানসমূহ ব্যবহারের জন্য নির্বাচন করুন।

**ঘ.** একটি বড় মগ, কফি পাউডার, চিনি এবং পানি নিতে হবে।

**ঙ.** এরপর বড় মগে কফি পাউডার, চিনি এবং এক টেবিল চামচ পানি নিয়ে নিতে হবে।

**চ.** একটি চামচ দিয়ে তিনটি একসাথে প্রায় ৫-৮ মিনিট বা হালকা এবং তুলতুলে না হওয়া পর্যন্ত বিট করতে হবে। (৫-৮ মিনিট বিট করার পর এটা দেখতে ফোম এর মতো হবে।বিট করার সময় মিশ্রণটি ঘন হয়ে এলে একবারে ১ চা চামচ পানি যোগ করে আবার বিট করতে হবে। কফি তার রঙ গাঢ় বাদামী থেকে হালকা বাদামীতে পরিবর্তন করবে এবং এর টেক্সচার হালকা এবং তুলতুলে হয়ে যাবে।)

**ছ.** এরপর একটি পাত্রে দুধ ঢেলে নিতে হবে।

**জ.** চুলায় জ্বাল দিয়ে দুধ ফুটিয়ে নিতে হবে।

**ঝ.** একটি সার্ভিং মগে দুই টেবিল চামচ ফেটানো কফি যোগ করতে হবে।

**ঞ.** এরপর তার উপরে গরম সেদ্ধ দুধ  দিয়ে দিতে হবে।

**ট.** আস্তে আস্তে দুধ এবং ফেটানো কফি একসাথে নাড়তে হবে। (এটি ঘন এবং ফেনাযুক্ত হয়ে যাবে।)

**ঠ.** গরম গরম পরিবেশন করতে হবে।

**ঠান্ডা কফি এর রেসিপি**

সময়ঃ ১৫ মিনিট

১ জনের জন্য

**উপকরণ**

| | |
|---|---|
| ইনস্ট্যান্ট কফি পাউডার | ২ টেবিল চামচ |
| চিনি | ৪ টেবিল চামচ |
| দুধ | ১ কাপ (২৪০ মিলি) |
| আইস কিউব | প্রয়োজন অনুযায়ী |
| আইসক্রিম | ২ স্কুপ |
| চকোলেট সিরাপ | পরিমান মত |

**কার্যপদ্ধতি**

ক. কাজের প্রয়োজন অনুযায়ী ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (PPE) সংগ্রহ ও পরিধান করুন।

খ. কাজের প্রয়োজনীয়তা অনুযায়ী সরঞ্জাম, পাত্র এবং যন্ত্রপাতি নির্বাচন করুন।

গ. নির্ধারিত রেসিপি অনুযায়ী রান্নার উপাদানসমূহ ব্যবহারের জন্য নির্বাচন করুন।

ঘ. একটি ব্লেন্ডার নিতে হবে। এরপর ২ টেবিল চামচ কফি দানা বা পাউডার নিতে হবে।

ঙ. এরপর ৪ টেবিল চামচ মিহি চিনি বা গুঁড়ো চিনি যোগ করতে হবে।

চ. ব্লেন্ডারের জারে ৪ টেবিল চামচ গরম পানি যোগ করতে হবে।

ছ. ব্লেন্ডারটি চালান যতক্ষণ না কফি ফেনা হয়ে যায় মানে চিনি এবং কফি সম্পূর্ণরূপে মিশে না যায়।(এটি ফেনাযুক্ত হয়ে উঠবে।)

জ. এ পর্যায়ে ঠান্ডা দুধ যোগ করতে হবে।

ঝ. ৪ থেকে ৬ পিস আইস কিউব এবং ২ স্কুপ ভ্যানিলা আইসক্রিম যোগ করতে হবে।

ঞ. ফেনা হওয়া পর্যন্ত ব্লেন্ড করতে হবে। (কিন্তু লক্ষ্য রাখতে হবে যে বেশি ব্লেন্ড করলে ফেনা বসে যাবে)

ট. তারপর গার্নিশ করা গ্লাসে ঢেলে নিতে হবে।

ঠ. আইসক্রিম এবং চকলেট সিরাপ দিয়ে পরিবেশন করতে হবে।

**ফ্রেশ অরেঞ্জ জুস এর রেসিপি**

সময়ঃ ১৫ মিনিট

২ জনের জন্য

**উপকরণ**

| | |
|---|---|
| ফ্রেশ মাল্টা | ৪ টা |
| লেবুর রস | ১ টা |
| চিনি | স্বাদ অনুযায়ী |
| পুদিনা পাতা | প্রয়োজন অনুযায়ী |
| আইস কিউব | প্রয়োজন অনুযায়ী |

**গার্নিশ এর জন্য**

| | |
|---|---|
| পুদিনা | প্রয়োজন অনুযায়ী |
| মাল্টা স্লাইস | প্রয়োজন অনুযায়ী |

**কার্যপদ্ধতি**

**ক.** কাজের প্রয়োজন অনুযায়ী ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (PPE) সংগ্রহ ও পরিধান করুন।

**খ.** কাজের প্রয়োজনীয়তা অনুযায়ী সরঞ্জাম, পাত্র এবং যন্ত্রপাতি নির্বাচন করুন।

**গ.** নির্ধারিত রেসিপি অনুযায়ী রান্নার উপাদানসমূহ ব্যবহারের জন্য নির্বাচন করুন।

**ঘ.** প্রথমে অরেঞ্জ গুলোকে পরিষ্কার করে ধুয়ে নিতে হবে এবং একটি ছুরির সাহায্যে অরেঞ্জকে দুই ভাগে ভাগ করে নিতে হবে।

**ঙ.** এবার অরেঞ্জ স্কুইজার এর সাহায্যে ঘুরিয়ে ঘুরিয়ে জুস বের করে নিতে হবে।

**চ.** একইভাবে ১/2 লেবু থেকে রস বের করে নিতে হবে। বাকি ১/২ টা রেখে দিতে হবে।

**ছ.** বাকি ১/২ লেবু টুকড়া করে কেটে নিতে হবে।

**জ.** পুদিনা পাতা ডাল থেকে আলাদা করে নিতে হবে।

**ঝ.** এবার সার্ভিং গ্লাসে কিছু লেবুর টুকড়া, কিছু পুদিনা দিয়ে দিতে হবে।

**ঞ.** এবার একটি কাঠের হামান দিস্তার লম্বা অংশ নিয়ে হালকা করে ছেঁচে নিতে হবে।

**ট.** এরপর এর সাথে চিনি যোগ করতে হবে।

**ঠ.** এরপর সার্ভিং গ্লাসে ঢেলে নিতে হবে। কিছু বরফ কুঁচি দিয়ে সব কিছু একবার মকটেল চামচ দিয়ে নেড়ে নিতে হবে।

**ড.** এবার একটি মালটার স্লাইস দিয়ে পরিবেশন করতে হবে।

**লাচ্ছি এর রেসিপি**

সময়ঃ ১৫ মিনিট

২ জনের জন্য

**উপকরণ**

| | |
|---|---|
| দই | ২ কাপ |
| চিনি | ৪ টেবিল চামচ |
| এলাচ গুড়া | ১/২ চা চামচ |
| পানি | ১/২ কাপ |

**কার্যপদ্ধতি**

ক. কাজের প্রয়োজন অনুযায়ী ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (PPE) সংগ্রহ ও পরিধান করুন।

খ. কাজের প্রয়োজনীয়তা অনুযায়ী সরঞ্জাম, পাত্র এবং যন্ত্রপাতি নির্বাচন করুন।

গ. নির্ধারিত রেসিপি অনুযায়ী রান্নার উপাদানসমূহ ব্যবহারের জন্য নির্বাচন করুন।

ঘ. প্রথমে একটি হামান দিস্তা বা শীল পাটায় কয়েকটি এলাচ নিতে হবে।

ঙ. এরপর এলাচ গুলোকে বেটে গুঁড়ো করে নিতে হবে।

চ. এরপর একটি বাটিতে ঠান্ডা টক দই নিতে হবে।

ছ. একটি হুইস্কের সাহায্যে টক দই ফেটিয়ে নিতে হবে।

জ. এ পর্যায়ে মিশ্রণটিতে চিনি এবং সামান্য গুড়া করে রাখা এলাচ এর গুড়া দিয়ে দিতে হবে।

ঝ. ততক্ষণ পর্যন্ত ফেটাতে হবে যতক্ষণ না চিনি দই এর সাথে একদম মিলিয়ে যায়।

ঞ. এরপর এর সাথে ঠান্ডা পানি মেশাতে হবে।

ট. একটি সার্ভিং গ্লাসে ঢেলে নিতে হবে। এবং ঠান্ডা পরিবেশন করতে হবে।

## পাইন অ্যাপেল ব্লসম এর রেসিপি

সময়ঃ ১৫ মিনিট

২ জনের জন্য

### উপকরণ

| | |
|---|---|
| আনারস সিরাপ | ৬০ মিলি |
| বরফ | ৭০ মিলি (গ্লাস সাইজ অনুযায়ী) |
| সোডা | ১২০ মিলি |
| চিনির সিরাপ | ১৫ মিলি |
| লেবুর রস | ১৫ মিলি |
| কালো লবণ বা রক লবণ | ১ চিমটি |

### গার্নিশ এর জন্য

| | |
|---|---|
| পুদিনা | প্রয়োজন অনুযায়ী |
| লেবুর স্লাইস | প্রয়োজন অনুযায়ী |
| ছাতা | ২টি |

### কার্যপদ্ধতি

**ক.** কাজের প্রয়োজন অনুযায়ী ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (PPE) সংগ্রহ ও পরিধান করুন।

**খ.** কাজের প্রয়োজনীয়তা অনুযায়ী সরঞ্জাম, পাত্র এবং যন্ত্রপাতি নির্বাচন করুন।

**গ.** নির্ধারিত রেসিপি অনুযায়ী রান্নার উপাদানসমূহ ব্যবহারের জন্য নির্বাচন করুন।

**ঘ.** প্রথমে একটি ব্লেন্ডারে সুগার সিরাপ, পাইনাপেল সিরাপ এবং লেবুর রস নিয়ে নিতে হবে।

**ঙ.** এরপর এতে রক সল্ট যোগ করতে হবে।

**চ.** এ পর্যায়ে সোডা যোগ করে সব একত্রে ব্লেন্ড করে নিতে হবে।

**ছ.** একটি গ্লাস নিতে হবে এবং সে গ্লাসটিতে পর্যাপ্ত পরিমানে বরফ নিতে হবে।

**জ.** এবার সার্ভিং গ্লাসে পানীয়টি ঢেলে নিতে হবে।

**ঝ.** গার্নিশ এর জন্য লেবুর স্লাইস, পুদিনা অথবা পাইনাপেল স্লাইস দিয়ে ঠান্ডা ঠান্ডা পরিবেশন করতে হবে।

## মিল্ক শেক এর রেসিপি

সময়ঃ ১৫ মিনিট

১ জনের জন্য

### উপকরণ

| | |
|---|---|
| তরল দুধ | ১/৩ কাপ |
| ভ্যানিলা আইসক্রিম | ২ কাপ |

### গার্নিশ এর জন্য

| | |
|---|---|
| হুইপ ক্রিম | প্রয়োজন অনুযায়ী |
| চেরি | প্রয়োজন অনুযায়ী |

**কার্যপদ্ধতি**

**ক.** কাজের প্রয়োজন অনুযায়ী ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (PPE) সংগ্রহ ও পরিধান করুন।

**খ.** কাজের প্রয়োজনীয়তা অনুযায়ী সরঞ্জাম, পাত্র এবং যন্ত্রপাতি নির্বাচন করুন।

**গ.** নির্ধারিত রেসিপি অনুযায়ী রান্নার উপাদানসমূহ ব্যবহারের জন্য নির্বাচন করুন।

**ঘ.** প্রথমে মিল্ক শেকের জন্য একটি শেকার নিয়ে নিতে হবে।

**ঙ.** এরপর এতে আইসক্রিম নিয়ে নিতে হবে।

**চ.** এবার এর মধ্যে তরল দুধ দিয়ে দিতে হবে।

**ছ.** এরপর ঢাকনা লাগিয়ে ভালোভাবে ঝাঁকিয়ে নিতে হবে।

**জ.** তারপর একটি সার্ভিং গ্লাসে ঢেলে নিতে হবে।

**ঝ.** এরপর উপরে হুইপ ক্রিম এবং চেরি দিয়ে পরিবেশন করতে হবে।

## ভ্যানিলা স্মুদি এর রেসিপি

সময়ঃ ১৫ মিনিট

২ জনের জন্য

**উপকরণ**

| | |
|---|---|
| কলা | ২ টা |
| খেজুর | ১০ পিস |
| কাঠ বাদাম | ৮-১০ পিস |
| চিনি | ২ টেবিল চামচ |
| ফুটন্ত দুধ | ৫০০ মিলি |
| ভ্যানিলা এসেন্স | ১/৪ চা চামচ |
| বরফ কুঁচি | পরিমান মতো |

**কার্যপদ্ধতি**

ক. কাজের প্রয়োজন অনুযায়ী ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (PPE) সংগ্রহ ও পরিধান করুন।

খ. কাজের প্রয়োজনীয়তা অনুযায়ী সরঞ্জাম, পাত্র এবং যন্ত্রপাতি নির্বাচন করুন।

গ. নির্ধারিত রেসিপি অনুযায়ী রান্নার উপাদানসমূহ ব্যবহারের জন্য নির্বাচন করুন।

ঘ. প্রথমে একটি কলাকে গোল স্লাইস করে কেটে নিতে হবে।

ঙ. এরপর খেজুরের ভেতর থেকে বীজ বের করে নিতে হবে।

চ. এরপর ভেজানো কাঠ বাদাম গুলো থেকে খোসা ছাড়িয়ে নিতে হবে।

ছ. এবার একটি ব্লেন্ডার মেশিনের ভেতর প্রথমে কলা, এরপর খেজুর, বাদাম এবং চিনি দিয়ে নিতে হবে।

জ. এরপর এতে ভ্যানিলা এসেন্স যোগ করতে হবে।

ঝ. কিছু বরফ কুঁচি দিয়ে দিতে হবে।

ঞ. এরপর ঠান্ডা তরল দুধ দিয়ে একত্রে সবকিছু ব্লেন্ড করে নিতে হবে।

ট. ব্লেন্ড করা স্মুদিতে যখন উপরে ফোমের মতন হয়ে আসবে, তখন তা প্রস্তুত হয়ে যাবে।

ঠ. এরপর সার্ভিং গ্লাসে ঢেলে পরিবেশন করতে হবে।

## ২.৩ মৌলিক বেভারেজ থেকে ডেরিভেশন তৈরি করা

বেভারেজ থেকে ডেরিভেশন হল শেফস, বেকারস ও কালিনারি আর্টিস্ট যারা ইনগ্রিডিয়েন্টস (উপকরণ) এবং বিভিন্ন কৌশলের মাধ্যমে প্রতিনিয়ত পরীক্ষা করে নতুন কোন বেভারেজ প্রস্তুত করেন।

**চা**

চা সকলেরই অনেক পছন্দের একটি পানীয়। কিন্তু অনেকেই দুধ চা পছন্দ করেন না। অনেকেই স্বাস্থ্যসম্মত চা খেতে চান সেক্ষেত্রে তারা জেসমিন টি এবং গ্রিন টি কে বিকল্প হিসেবে বেছে নিতে পারেন। গ্রিন টি পান ওজন কমাতে এবং ডায়াবেটিস, হৃদরোগ এবং ক্যান্সার সহ বিভিন্ন রোগের ঝুঁকি কমাতে সাহায্য করে।

**কফি**

কফির ক্ষেত্রে দুধ দিয়ে কফি খাওয়াটা অনেকেই পছন্দ করেন না। সেক্ষেত্রে চিনি এবং দুধ ছাড়া কালো কফিও অনেকে পছন্দ করেন। তবে কালো কফির ক্ষেত্রে প্রতিদিন দুই থেকে তিন কাপ কফির বেশি পান করা স্বাস্থ্যের জন্য ক্ষতিকর।

**ফ্রেশ অরেঞ্জ জুস**

ফ্রেশ অরেঞ্জ জুস সবারই অনেক পছন্দের একটি পানীয়। আমাদের দেশে কমলার দাম টা একটু বেশি হওয়ায় সবাই সব সময় কমলার জুস খেতে পারে না। আবার সব সময় কমলা হাতের কাছে পাওয়া যায় না। সেক্ষেত্রে অনেকেই মালটার জুস করে থাকেন। মাল্টার জুসে রয়েছে প্রচুর পরিমানে ভিটামিন সি যা শরীরের সমস্ত টিস্যুর বিকাশ এবং মেরামত করতে সাহায্য করে।

**লাচ্ছি**

লাচ্ছি কয়েক ধরনের হয়ে থাকে। অনেকেই মিষ্টি লাচ্ছি পছন্দ করেন না সেক্ষেত্রে সল্টি (salty) লাচ্ছি অথবা মাসালা লাচ্ছিও করা যেতে পারে। লাচ্ছিকে আরো স্বাস্থ্যকর করার জন্য অনেক ধরনের ফলও এতে যোগ করা যেতে পারে।

**পাইন অ্যাপেল ব্লসম**

পাইনাপেল ব্লসম এই পানীয়টিতে আনারসের নেকটার বা জুসের বদলে তাজা আনারস ব্যবহার করা যেতে পারে এবং এটিকে আরও স্বাস্থ্যকর করার জন্য সোডার পরিবর্তে চাইলে সাধারণ পানি যোগ করা যেতে পারে।

**মিল্ক শেক**

মিল্কশেকের ক্ষেত্রে অনেকেরই গরুর দুধে এলার্জি থাকতে পারে। সে কারণে এই দুধের পরিবর্তে আমন্ড মিল্ক এবং নারকেলের দুধ ব্যবহার করে প্রস্তুত করতে পারবে।

**ভ্যানিলা স্মুদি**

ভ্যানিলা স্মুদিতে চিনি ব্যবহার না করে মধু ব্যবহার করা যেতে পারে। অনেকেই ওজন কমানোর জন্য এই স্মুদির রেসিপিতে ওটস ও যোগ করে তৈরি করতে পারবে।

## ২.৪ পানীয়ের স্বাদ, রঙ এবং ধারাবাহিকতা পরীক্ষা এবং রিকোয়ারমেন্ট অনুযায়ী বিচ্যুতিগুলো সনাক্ত এবং সংশোধন করা।

**স্বাদঃ** আমরা যখন কোন কিছু মুখে নিয়ে জিহ্বার মাধ্যমে অনুভব করি সেটা মিষ্টি, টক এবং তিতা হতে পারে তা বুঝার অনুভূতিই হল স্বাদ।

**কনসিস্টেন্সিঃ** একটি পানীয়ের টেক্সচার মানে এটা দেখতে কতটা মনোমুগ্ধকর, এর রং, এটার স্বাদ কতটা রিফ্রেসিং এবং পান করার সাথে সাথে শরীরে কতটা তৃপ্তি দিচ্ছে তা নিয়মিতভাবে বজায় রেখে উৎপাদান করাটাই কনসিসটেন্সি।

- **চা**
  **স্বাদঃ** দুধের চায়ের অনেক প্রকার হয়ে থাকে। তবে একটি জিনিস যা তাদের সবার মধ্যে মিল রয়েছে তা হল চা সাধারণত ক্রিমি এবং হালকা মিষ্টি হয়।
  **রংঃ** চায়ের কালার ক্যারামেল অথবা তামাটে রং হবে।
  **ধারাবাহিকতাঃ** প্রতিবার চা বানানোর সময় এই স্বাদ, ঘনত্ব, ফ্লেভার এবং রং ধরে রাখতে হবে।

- **কফি**
  **স্বাদঃ** ক্যাপেচিনোর স্বাদ ক্রিমি, মসৃণ এবং হালকা মিষ্টি হয় ।
  **রংঃ** গাঢ় বাদামী ও হলদে বাদামী।
  **ধারাবাহিকতাঃ** প্রতিবার কফি বানানোর সময় এই স্বাদ, ঘনত্ব, ফ্লেভার এবং রং ধরে রাখতে হবে।

- **ফ্রেশ অরেঞ্জ জুস**
  **স্বাদঃ** সুগন্ধি, টক-মিষ্টি এবং রিফ্রেশিং স্বাদের হবে।
  **রংঃ** অরেঞ্জ ড্রিংকসের কালার হালকা হলুদ অথবা হালকা কমলা হবে।
  **ধারাবাহিকতাঃ** প্রতিবার ফ্রেশ অরেঞ্জ জুস বানানোর সময় এই স্বাদ, ঘনত্ব, ফ্লেভার এবং রং ধরে রাখতে হবে।

- **লাচ্ছি**
  **স্বাদঃ** ক্রিমি, ঘন এবং হালকা মিষ্টি হয়।
  **রংঃ** সাদা
  **ধারাবাহিকতাঃ** প্রতিবার লাচ্ছি বানানোর সময় এই স্বাদ, ঘনত্ব, ফ্লেভার এবং রং ধরে রাখতে হবে।

- **পাইন অ্যাপেল ব্লসম**
  **স্বাদঃ** সুগন্ধি, হালকা টক-মিষ্টি এবং রিফ্রেশিং স্বাদের হবে।
  **রংঃ** হালকা হলুদ
  **ধারাবাহিকতাঃ** প্রতিবার পাইন অ্যাপেল ব্লসম বানানোর সময় এই স্বাদ, ঘনত্ব, ফ্লেভার এবং রং ধরে রাখতে হবে।

- **মিল্ক শেক**
  **স্বাদঃ** ক্রিমি, ঘন এবং হালকা মিষ্টি হয়।
  **রংঃ** সাদা

**ধারাবাহিকতাঃ** প্রতিবার মিল্ক শেক বানানোর সময় এই স্বাদ, ঘনত্ব, ফ্লেভার এবং রং ধরে রাখতে হবে।

- **ভ্যানিলা স্মুদি**
  **স্বাদঃ** ক্রিমি, ঘন এবং হালকা মিষ্টি হয়।
  **রংঃ** হালকা বাদামী রঙের হবে।
  **ধারাবাহিকতাঃ** প্রতিবার ভ্যানিলা স্মুদি বানানোর সময় এই স্বাদ, ঘনত্ব, ফ্লেভার এবং রং ধরে রাখতে হবে।

## ত্রুটিগুলো চিহ্নিত এবং রিকোয়ারমেন্ট অনুযায়ী সংশোধন করা

**চা এর ফল্ট:** দুধ ছানা কেটে যাওয়া।
**কারণ:** পানি ফুটন্ত অবস্থায় দুধ ঢেলে দিলে।
**সমাধান:** যখন গুড়ো দুধ দিয়ে চা বানানো হয় তখন পানি ফুটে উঠলে একটু অপেক্ষা করে তারপর গুড়ো দুধ যোগ করলে ছানা কাটবে না। অথবা গুঁড়ো দুধ আগে থেকে ঠান্ডা পানিতে গুলিয়ে নিয়ে মিশালেও ছানা কাটবে না।

**কফি এর ফল্ট:** ফোম না হওয়া।
**কারণ:** পানি বেশি দিয়ে দেয়া।
**সমাধান:** যখন চিনি এবং কফি একত্রে ফেটানো হয় তখন এক চামচের বেশি পানি দেয় যাবে না। অর্থাৎ অল্প অল্প করে পানি দিয়ে ফোমটি তৈরি করতে হবে।

**অরেঞ্জ জুস এর ফল্ট:** তিতা হয়ে যাওয়া
**কারণ:** লেবু কুচি এবং পুদিনা পাতা ছেঁচে দেয়ার সময় খুব বেশি ছেঁচে ফেললে তিতা স্বাদ হতে পারে।
**সমাধান:** লেবু কুচি এবং পুদিনা পাতা খুব বেশি ছেঁচা যাবে না। বেশি ছেঁচলে লেবুর কুচির সাদা অংশ থেকে জুসটা তিতা বের হতে পারে।

**লাচ্ছি এর ফল্ট:** লাচ্ছি পাতলা হয়ে যাওয়া।
**কারণ:** ব্লেন্ডার ব্যবহার করে বেশি বিট করার কারনে।
**সমাধান:** ব্লেন্ডার ইউজ না করে হ্যান্ড হুইস্ক দিয়ে করলে লাচ্ছি বেশি ঘন হয়।

**পাইন অ্যাপেল ব্লসম এর ফল্ট:** টক-মিস্টতা কম বা বেশি হওয়া।

**কারণ:** ফ্রেস পাইন অ্যাপেলের উৎপত্তিগত কারণে কোনটি বেশি টক বা মিষ্টি হতে পারে, ফলে পাইন অ্যাপেল ব্লসমের টক-মিষ্টতা কম বা বেশি হতে পারে।

**সমাধান:** পাইন অ্যাপেলের স্ট্যান্ডার্ড নেকটার বা জুস ব্যবহার করা যেতে পারে। বেশি ও কম মিষ্টতা সম্পন্ন পাইন অ্যাপেল মিক্স করে এ সমস্যার সমাধান করা যেতে পারে। প্রয়োজন অনুসারে অতিরিক্ত চিনি বা সাইট্রিক অ্যাসিড ব্যবহার করা যেতে পারে।

**মিল্ক শেক এর ফল্ট:**
খুব ঘন বা পালতা হওয়া এবং বরফ ক্রিষ্টাল গঠণ করা।

**কারণ:**

**খুব ঘন:** মিল্কশেকে পর্যাপ্ত দুধ বা অন্যান্য তরল উপাদান না থাকলে বা আইসক্রিম খুব ঠান্ডা বা খুব শক্ত হলে এটি ঘটতে পারে।

**খুব পাতলা:** যদি খুব বেশি তরল থাকে বা পর্যাপ্ত আইসক্রিম না থাকে তবে মিল্কশেক খুব পাতলা হতে পারে। বরফ ক্রিষ্টাল গঠণ: যদি মিল্কশেক খুব বেশিক্ষণ মিশ্রিত করা হয় বা অবিলম্বে পরিবেশন করা না হয় তাহলে বরফের ক্রিষ্টাল তৈরি হতে পারে, যা গ্রিটি টেক্সচারের দিতে পারে।

**সমাধান:** রেসিপি অনুসারে নির্দিস্ট পরিমান ও স্ট্যান্ডর্ড উপাদান ব্যবহার করা এবং নির্দিষ্ট সময়ের মধ্যে উপভোগ করা।

**ভ্যানিলা স্মুদির ফল্ট:** খুব ঘন বা পালতা হওয়া এবং বরফ ক্রিষ্টাল গঠণ করা। ফেনা তৈরি হওয়া।

**কারণ**

খুব ঘন: স্মুদিতে খুব বেশি হিমায়িত ফল বা বরফ যোগ করা হলে, এটি অতিরিক্ত ঘন হতে পারে।

খুব পাতলা: অপর্যাপ্ত হিমায়িত উপাদান বা খুব বেশি তরল যোগ করলে স্মুদি খুব পাতলা এবং জলযুক্ত হতে পারে।

**বরফ ক্রিষ্টাল গঠণ:** অত্যাধিক বরফ ব্যবহার করলে বরফের ক্রিষ্টাল তৈরি হতে পারে।

**ওভার-ব্লেন্ডিং:** স্মুদিকে অতিরিক্ত মিশ্রিত করার ফলে বাতাসের বুদবুদগুলির সাথে একটি ফেনাযুক্ত টেক্সচার হতে পারে।

**সমাধান:** রেসিপি অনুসারে নির্দিস্ট পরিমান ও স্ট্যান্ডর্ড উপাদান ব্যবহার করা এবং অতিরিক্ত ব্লেন্ডিং না করা।

## সেলফ চেক শিট (Self-Check Sheet)-২: বেভারেজ প্রস্তুত করতে পারবে।

প্রশিক্ষণার্থীদের জন্য নির্দেশনা:- উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন-

**সংক্ষিপ্ত প্রশ্নঃ**

১. **মিল্ক শেক থেকে ডেরিভেশন তৈরি করা বলতে কি বুঝায়?**
   **উত্তরঃ**

২. **কনসিস্টেন্সি বলতে কি বুঝায়?**
   **উত্তরঃ**

৩. **ভ্যানিলা স্মুদির ফেনা হওয়ার কারণ কি?**
   **উত্তরঃ**

## উত্তর পত্র (Answer Key)- ২: বেভারেজ প্রস্তুত করতে পারবে।

**১. মিল্ক শেক থেকে ডেরিভেশন তৈরি করা বলতে কি বুঝায়?**
**উত্তরঃ**

মিল্কশেকের ক্ষেত্রে অনেকেরই গরুর দুধে এলার্জি থাকতে পারে। সে কারণে এই দুধের পরিবর্তে আমন্ড মিল্ক এবং নারকেলের দুধ ব্যবহার করে প্রস্তুত করতে পারবে।

**২. কনসিস্টেন্সি বলতে কি বুঝায়?**
**উত্তরঃ**

একটি পানীয়ের টেক্সচার মানে এটা দেখতে কতটা মনোমুগ্ধকর, এর রং, এটার স্বাদ কতটা রিফ্রেসিং এবং পান করার সাথে সাথে শরীরে কতটা তৃপ্তি দিচ্ছে তা নিয়মিতভাবে বজায় রেখে উৎপাদান করাটাই কনসিসটেন্সি।

**৩. ভ্যানিলা স্মুদির ফেনা হওয়ার কারণ কি?**
**উত্তরঃ**
**ওভার-ব্লেন্ডিং:** স্মুদিকে অতিরিক্ত মিশ্রিত করার ফলে বাতাসের বুদবুদগুলির সাথে একটি ফেনাযুক্ত টেক্সচার হতে পারে।

# জব শিট ২.২: মেন্যু অনুযায়ী বেভারেজ প্রস্তুত করুন।

**জবের নাম: গরম কফি তৈরি করুন।**

**গরম কফি এর রেসিপি**

সময়ঃ ১৫ মিনিট

১ জনের জন্য

**উপকরণ**

| | |
|---|---|
| ইনস্ট্যান্ট কফি পাউডার | ২ টেবিল চামচ |
| চিনি | ৪ টেবিল চামচ |
| দুধ | ১ কাপ (২৪০ মিলি) |

**কার্যপদ্ধতি**

(কাজের সময় অবশ্যই রান্না ঘর/কিচেনের চাহিদানুযায়ী নিরাপত্তা বিধি অনুসরণ এবং রান্না ঘর/কিচেনের বেসিক সুবিধাদি নিশ্চিত করতে হবে।)

১. কাজের প্রয়োজন অনুযায়ী ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (PPE) সংগ্রহ ও পরিধান করুন।

২. কাজের প্রয়োজনীয়তা অনুযায়ী সরঞ্জাম, পাত্র এবং যন্ত্রপাতি নির্বাচন করুন।

৩. নির্ধারিত রেসিপি অনুযায়ী রান্নার উপাদানসমূহ ব্যবহারের জন্য নির্বাচন করুন।

৪. একটি বড় মগ, কফি পাউডার, চিনি এবং পানি নিতে হবে।

৫. এরপর বড় মগে কফি পাউডার, চিনি এবং এক টেবিল চামচ পানি নিয়ে নিতে হবে।

৬. একটি চামচ দিয়ে তিনটি একসাথে প্রায় ৫-৮ মিনিট বা হালকা এবং তুলতুলে না হওয়া পর্যন্ত বিট করতে হবে। (৫-৮ মিনিট বিট করার পর এটা দেখতে ফোম এর মতো হবে।বিট করার সময় মিশ্রণটি ঘন হয়ে এলে একবারে ১ চা চামচ পানি যোগ করে আবার বিট করতে হবে। কফি তার রঙ গাঢ় বাদামী থেকে হালকা বাদামীতে পরিবর্তন করবে এবং এর টেক্সচার হালকা এবং তুলতুলে হয়ে যাবে।)

৭. এরপর একটি পাত্রে দুধ ঢেলে নিতে হবে।

৮. চুলায় জ্বাল দিয়ে দুধ ফুটিয়ে নিতে হবে।

৯. একটি সার্ভিং মগে দুই টেবিল চামচ ফেটানো কফি যোগ করতে হবে।

১০. এরপর তার উপরে গরম সেদ্ধ দুধ দিয়ে দিতে হবে।

১১. আস্তে আস্তে দুধ এবং ফেটানো কফি একসাথে নাড়তে হবে। (এটি ঘন এবং ফেনাযুক্ত হয়ে যাবে।)

১২. গরম গরম পরিবেশন করতে হবে।

**স্পেসিফিকেশন শিট ২.২:** মেন্যু অনুযায়ী বেভারেজ প্রস্তুত করুন।

**জবের নাম:** গরম কফি তৈরি করা।

**কাজের জন্য শর্তঃ**

১. স্টোভ সাবধানে জালাতে হবে।
২. ফ্রেশ কফি পাউডার ব্যবহার করতে হবে।
৩. দুধ গরম ফুটন্ত হতে হবে।
৪. দুধ কাপে ঢালার সময় হাতের দিকে লক্ষ্য রাখতে হবে।
৫. কাজ শেষে স্টোভ বন্ধ করতে হবে।

**প্রয়োজনীয় পিপিই**

| ক্রমিক নং | পিপিই এর নাম | স্পেসিফিকেশন | একক | পরিমাণ |
|---|---|---|---|---|
| ১. | শেফ কোট | স্ট্যার্ন্ডাড অনুযায়ী | সংখ্যা | ০১ |
| ২. | মাস্ক | স্ট্যার্ন্ডাড অনুযায়ী | সংখ্যা | ০১ |
| ৩. | এ্যাপ্রন | স্ট্যার্ন্ডাড অনুযায়ী | সংখ্যা | ০১ |
| ৪. | হ্যান্ড গ্লাভস | স্ট্যার্ন্ডাড অনুযায়ী | সংখ্যা | ০১ |
| ৫. | সেফটি সু | স্ট্যার্ন্ডাড অনুযায়ী | জোড়া | ০১ |
| ৬. | শেফ টুপি | স্ট্যার্ন্ডাড অনুযায়ী | সংখ্যা | ০১ |

**প্রয়োজনীয় টুলস এবং ইকুইপমেন্টস**

| ক্রমিক নং | টুলস এর নাম | স্পেসিফিকেশন | একক | পরিমাণ |
|---|---|---|---|---|
| ১. | সসপ্যান | স্ট্যার্ন্ডাড অনুযায়ী | সংখ্যা | ০১ |
| ২. | কাঁপ | স্ট্যার্ন্ডাড অনুযায়ী | সংখ্যা | ০২ |
| ৩. | চা চামচ | স্ট্যার্ন্ডাড অনুযায়ী | সংখ্যা | ০১ |
| ৪. | চুলা | স্ট্যার্ন্ডাড অনুযায়ী | সংখ্যা | ০১ |

**প্রয়োজনীয় (কাঁচামাল) ম্যাটেরিয়াল**

| ক্রমিক নং | ম্যাটেরিয়াল (কাঁচামাল) এর নাম | পরিমাণ |
|---|---|---|
| ১. | গুড়ো দুধ/তরল দুধ | ২৪০ মিলি |
| ২. | ইনস্ট্যান্ট কফি পাউডার | ২ টেবিল চামচ |
| ৩. | চিনি | ৪ টেবিল চামচ |

## অ্যাক্টিভিটি শিটঃ ২.১ পানীয়ের স্বাদ, রঙ এবং ধারাবাহিকতা পরীক্ষা এবং রিকোয়ারমেন্ট অনুযায়ী বিচ্যুতিগুলো সনাক্ত এবং সংশোধন করা।

**অ্যাক্টিভিটি নামঃ** পানীয়ের স্বাদ, রঙ এবং ধারাবাহিকতা পরীক্ষা করুন।

| | |
|---|---|
| **উদ্দেশ্য** | পানীয় প্রস্তুতের পরে স্বাদ, রং এবং ধারাবাহিকতা মূল্যায়ণ সম্পর্কে নিজেকে পরিচিত করা। |
| **সাপ্লাইস/ম্যাটারিয়ালস** | কলম ও কাগজ। |
| **কাজের ধাপ** | নিচের ছকে পানীয় এর নাম দেওয়া হলঃ তার স্বাদ, রং এবং ধারাবাহিকতা মূল্যায়ণ সম্পর্কে মন্তব্য লিখুন। |

**নামঃ** **তারিখঃ**

| পানীয়ের নাম | স্বাদ | রং | মন্তব্য |
|---|---|---|---|
| চা (Tea) | | | |
| কফি (গরম এবং ঠান্ডা) (Coffee - hot and cold) | | | |
| তাজা কমলা জুস (Fresh orange Juice) | | | |
| লাস্সি (Lassi) | | | |
| পাইনাপল ব্লসম (Pineapple Blossom) | | | |

## অ্যাক্টিভিটি (Activity Sheet)- ২.২: ত্রুটিগুলো চিহ্নিত এবং রিকোয়ারমেন্ট অনুযায়ী সংশোধন করুন।

**অ্যাক্টিভিটি নামঃ** পানীয়ের ত্রুটিগুলো চিহ্নিত এবং রিকোয়ারমেন্ট অনুযায়ী সংশোধন করুন।

| | |
|---|---|
| **উদ্দেশ্য** | পানীয় তৈরিতে সাধারণত যে ত্রুটিসমূহ হয়ে থাকে তা বুঝতে পারা এবং সে অনুযায়ী সংশোধনমূলক পদ্ধতি সম্পর্কে নিজেকে অবগত করা। |
| **সাপ্লাইস/ম্যাটারিয়ালস** | কলম ও কাগজ। |
| **কাজের ধাপ** | নিচের ছকে পানীয় এর নাম দেওয়া হলঃ তার ত্রুটিসমূহ, সংশোধন পদ্ধতি এবং মন্তব্য লিখুন। |

**নামঃ** **তারিখঃ**

| পানীয়ের নাম | ত্রুটিসমূহ | সংশোধন পদ্ধতি | মন্তব্য |
|---|---|---|---|
| চা (Tea) | | | |
| কফি (গরম এবং ঠান্ডা) (Coffee - hot and cold) | | | |
| তাজা কমলা জুস (Fresh orange Juice) | | | |
| লাস্সি (Lassi) | | | |
| পাইনাপল ব্লসম (Pineapple Blossom) | | | |
| ভ্যানিলা স্মুদি (Vanilla smoothie) | | | |

## শিখনফল (Learning Outcome)- ৩: বেভারেজ সংরক্ষণ করতে পারবে।

| | |
|---|---|
| অ্যাসেসমেন্ট মানদন্ড | ১. স্বাস্থ্যবিধি মেনে চলতে সক্ষম হয়েছে।<br>২. বিভিন্ন স্টোরেজ এরিয়ায় তাপমাত্রার জন্য বেস্ট প্র্যাকটিস বজায় রাখতে সক্ষম হয়েছে।<br>৩. বেভারেজগুলো মান অনুযায়ী অপটিমাম সতেজতা এবং গুণমান বজায় রেখে সংরক্ষণ করতে সক্ষম হয়েছে।<br>৪. বেভারেজগুলো যথাযথ মানের জন্য পুনর্গঠন করতে সক্ষম হয়েছে। |
| শর্ত ও রিসোর্স | ১. প্রকৃত কর্মক্ষেত্র অথবা প্রশিক্ষণ পরিবেশ<br>২. সিবিএলএম<br>৩. হ্যান্ডআউটস<br>৪. ল্যাপটপ<br>৫. মাল্টিমিডিয়া প্রজেক্টর<br>৬. কাগজ, কলম, পেন্সিল, রাবার<br>৭. ইন্টারনেট সুবিধা<br>৮. হোয়াইট বোর্ড ও মার্কার<br>৯. অডিও ভিডিও ডিভাইস |
| বিষয়বস্তু | ১. স্বাস্থ্যবিধি মেনে চলা<br>২. বিভিন্ন স্টোরেজ অঞ্চলে তাপমাত্রার জন্য বেস্ট প্র্যাকটিস বজায় রাখা<br>৩. বেভারেজগুলো মান অনুযাযী অপটিমাম সতেজতা এবং গুণমান বজায় রেখে সংরক্ষণ করা।<br>৪. বেভারেজগুলো যথাযথ মানের জন্য পুনর্গঠন করা। |
| এক্টিভিটি/টাস্ক/জব | ১. বেভারেজ সংরক্ষণ করুন। |
| প্রশিক্ষণ পদ্ধতি | ১. আলোচনা (Discussion)<br>২. উপস্থাপন (Presentation)<br>৩. প্রদর্শন (Demonstration)<br>৪. নির্দেশিত অনুশীলন (Guided Practice)<br>৫. স্বতন্ত্র অনুশীলন (Individual Practice)<br>৬. প্রজেক্ট ওয়ার্ক (Project Work)<br>৭. সমস্যা সমাধান (Problem Solving)<br>৮. মাথাখাটানো (Brainstorming) |
| অ্যাসেসমেন্ট পদ্ধতি | ১. লিখিত অভীক্ষা (Written Test)<br>২. প্রদর্শন (Demonstration)<br>৩. মৌখিক প্রশ্ন (Oral Questioning)<br>৪. পোর্টফলিও ( Portfolio) |

## শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -৩ : বেভারেজ সংরক্ষণ করতে পারবে।

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং পারফরম্যান্স ক্রাইটেরিয়া অর্জনের জন্য নিম্নলিখিত কার্যক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন করুন। কার্যক্রমগুলোর জন্য বর্ণিত রিসোর্সসমূহ ব্যবহার করুন।

| **শিখন কার্যক্রম (Learning Activities)** | **উপকরণ / বিশেষ নির্দেশনা (Resources / Special instructions)** |
|---|---|
| ১. প্রশিক্ষার্থীগন কোন শিক্ষা উপকরন ব্যবহার করবে সে সম্পর্কে প্রশিক্ষকের নিকট জানতে চাইবে। | ১. প্রশিক্ষক প্রশিক্ষার্থীদের “বেভারেজ সংরক্ষণ করতে পারবে” বিষয় শেখার উপকরণ প্রদান করবেন। |
| ২. ইনফরমেশন শিট পড়তে হবে। | ২. ইনফরমেশন শিট ৩: বেভারেজ সংরক্ষণ করতে পারবে। |
| ৩. সেলফ চেকে প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে। | ৩. সেল্ফ-চেক শিট ৩ -এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। উত্তরপত্র ৩ -এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত করুন। |
| ৪. জব/টাস্ক শিট ও স্পেসিফিকেশন শিট অনুযায়ী জব সম্পাদন করুন। | ৪. নিম্নোক্ত জব/টাস্ক শিট অনুযায়ী জব/টাস্ক সম্পাদন করুন। অ্যাক্টিভিটি শিট ৩.৩: বেভারেজ সংরক্ষণ করুন। |

# ইনফরমেশন শিট (Information Sheet) ৩: বেভারেজ সংরক্ষণ করতে পারবে।

**শিখন উদ্দেশ্য (Learning Objective):** এই ইনফরমেশন শীট পড়ে শিক্ষার্থীগণ নিম্নোক্ত বিষয়গুলো ব্যখ্যা করতে, বর্ণনা করতে ও তথ্যগুলো কাজে প্রয়োগ করতে পারবে।

৩.১ স্বাস্থ্যবিধি মেনে চলা।

৩.২ বিভিন্ন স্টোরেজ অঞ্চলে তাপমাত্রার জন্য বেস্ট প্র্যাকটিস বজায় রাখা।

৩.৩ বেভারেজগুলো মান অনুযাযী অপটিমাম সতেজতা এবং গুণমান বজায় রেখে সংরক্ষণ করা।

৩.৪ বেভারেজগুলো যথাযথ মানের জন্য পুনর্গঠন করা।

## ৩.১ স্বাস্থ্যবিধি মেনে চলা

### হাইজিন বা স্বাস্থ্যবিধি

আমাদের দেশে হাইজিন শব্দটি দ্বারা স্বাভাবিক অর্থে পরিচ্ছন্নতা বুঝলেও আক্ষরিক ও ব্যবহারিক কোনো দিক থেকেই তা নয়। হাইজিন শব্দটির বাংলা হলো স্বাস্থ্যবিধি। আমাদের সুস্থ থাকার জন্য প্রয়োজনীয় নিয়ম-কানুনই হলো হাইজিন।

**WHO (World Health Organization)** এর ভাষ্যমতে, "স্বাস্থ্যবিধি হলো সুস্থ থাকার প্রয়োজনে আরোপিত নিয়মনীতি এবং সেই নিয়মের অনুসরণ করা, যার ফলে আমরা রোগ সংক্রমণ থেকে মুক্ত থাকি এবং আমাদের সুস্বাস্থ্য বজায় থাকে।"

হোটেলে পানীয়ের গুণমান এবং সংরক্ষণ বিভিন্ন জৈবিক, রাসায়নিক এবং শারীরিক কারণ দ্বারা প্রভাবিত হতে পারে। এই কারণগুলির প্রতিটি কীভাবে পানীয়ের গুণমান এবং সংরক্ষণকে প্রভাবিত করতে পারে তা এখানে রয়েছেঃ

**যে সকল কারণে বেভারেজ নস্ট হতে পারে-**

ক. ব্যাকটেরিয়া, ইস্ট এবং ছত্রাকের মতো অণুজীব পানীয়কে দূষিত করতে পারে এবং নষ্ট হতে পারে।

খ. পানীয়গুলিতে উপস্থিত এনজাইম; যেমন- ফলের রসে থাকা এনজাইমগুলি সময়ের সাথে সাথে স্বাদ, রঙ এবং গঠনে অবাঞ্ছিত পরিবর্তন ঘটাতে পারে।

গ. অক্সিজেনের সংস্পর্শে অক্সিডেশন হতে পারে; যার ফলে বি-স্বাদ, রঙ নষ্ট হয় এবং পানীয়ের পুষ্টি হ্রাস পায়।

ঘ. পানীয়গুলিতে অম্লতার মাত্রা; যেমন ফলের রসে মাইক্রোবিয়াল গাঁজন বা এনজাইমেটিক কার্যকলাপের কারণে সময়ের সাথে সাথে টক বা বি-স্বাদ হতে পারে।

ঙ. তাপমাত্রার ওঠানামা পানীয়ের গুণমান এবং শেলফ লাইফকে প্রভাবিত করতে পারে।

চ. আলোর সংস্পর্শে, বিশেষ করে অতিবেগুনী আলো, বিয়ার এবং ওয়াইনের মতো কিছু পানীয়কে নষ্ট করতে পারে।

ছ. হ্যান্ডলিং এবং পরিবহনের সময় শারীরিক প্রভাব পানীয়গুলির টেক্সার নষ্ট করতে পারে।

**যে সকল হাইজিন বেভারেজ সংরক্ষণ করার ক্ষেত্রে লক্ষ্য রাখতে হয়**

**পরিচ্ছন্নতা ও স্যানিটেশন**

- পানীয় তৈরির জন্য ব্যবহৃত সমস্ত সরঞ্জাম এবং পাত্র প্রতিটি ব্যবহারের আগে এবং পরে পুঙ্খানুপুঙ্খভাবে পরিষ্কার এবং জীবাণুমুক্ত করা হয়েছে তা নিশ্চিত করুন।
- ঘন ঘন হাত ধোয়া এবং পরিষ্কার ইউনিফর্ম পরা সহ কর্মীদের মধ্যে সঠিক স্বাস্থ্যবিধি অনুশীলনগুলি বজায় রাখুন।
- দূষণ রোধ করতে সঞ্চয়স্থান, রেফ্রিজারেটর এবং পানীয় সরবরাহকারীকে নিয়মিত পরিষ্কার এবং স্যানিটাইজ করুন।

**তাপমাত্রা নিয়ন্ত্রণ**

- পচনশীল পানীয় যেমন দুধ এবং তাজা জুস, রেফ্রিজারেটরে ৪০°F (৪°C) এর নিচে তাপমাত্রায় মাইক্রোবিয়ালের বৃদ্ধি রোধ করতে এবং সতেজতা বজায় রাখতে সংরক্ষণ করুন।
- ওয়াইন, বিয়ার এবং অন্যান্য অ্যালকোহলযুক্ত পানীয় যথাযথ তাপমাত্রায় সংরক্ষণ করুন যাতে গন্ধ সংরক্ষণ করা যায় এবং অক্সিডেশন বা নষ্ট হওয়া রোধ করা যায়।

**প্যাকেজিং এবং স্টোরেজ**

- পানীয় সংরক্ষণ করার জন্য বায়ুরোধী পাত্র বা বোতল ব্যবহার করুন এবং অক্সিজেনের এক্সপোজার কমিয়ে দিন।
- স্বাদ, রঙ এবং পুষ্টির ক্ষয় রোধ করতে পানীয়গুলিকে আলো এবং তাপের উৎস থেকে দূরে রাখুন।

**পর্যবেক্ষণ এবং ঘূর্ণন**

- মেয়াদোত্তীর্ণ বা নষ্ট পণ্যের জন্য নিয়মিত পরীক্ষা করুন এবং স্টোরেজ থেকে অপসারণ করুন।
